বস্ত্র ও পাট মন্ত্রণালয়েরর ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র. নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	৪টি	২টি	-	-	১ টি	১ টি	০%-৬৮.৫৮%	১ টি	০%-২.৭২%

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: **২টি**

০২। সমাপ্তকৃত প্রকল্প **র প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ**

ক্র নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১.	তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন, ট্রেনিং ইন্সটিটিউট ও ১টি বেসিক সেন্টার স্থাপন (৩য় সংশোধিত)।	৩৭৫৩.২৩	জুলাই, ২০১০-জুন ২০১৭
২.	ভার্টিক্যাল এক্সটেনশন অব বিটিএমসি ভবন (৯ম তলা হতে ১৩ তম তলা পর্যন্ত) এন্ড কনস্ট্রাকশন অব কার পার্কিং ফ্যাসিলিটিজ ইন এ্যাডজাসেন্ট ভ্যাকেন্ট ল্যান্ড অব বিটিএমসি (২য় সংশোধিত)	৩২৫৮.৬১	এপ্রিল ২০১২ - ডিসেম্বর ২০১৬
৩.	উচ্চফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন (৩য় সংশোধিত)	১৩৯০৫.৪৫	জুলাই ২০১১- জুন ২০১৭
৪.	বেগমগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউটকে টেক্সটাইল ইঞ্জনিয়ারিং কলেজে উন্নীতকরণ (২য় সংশোধিত)	৩৯৮৪.৬৭	জুলাই ২০১২- জুন ২০১৭

০৩। সমাপ্ত প্রকল্প **র ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

ক্র নং	প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
১.	ভার্টিক্যাল এক্সটেনশন অব বিটিএমসি ভবন (৯ম তলা হতে ১৩ তম তলা পর্যন্ত) এন্ড কনস্ট্রাকশন অব কার পার্কিং ফ্যাসিলিটিজ ইন এ্যাডজাসেন্ট ভ্যাকেন্ট ল্যান্ড অব বিটিএমসি	বিটিএমসি ভবন নির্মাণে রাজউকের অনুমোদন প্রাপ্তির বিলম্বের কারণে যথাসময়ে নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি। এছাড়া প্রকল্পের নামকরণে ত্রুটির কারণে নাম সংশোধন, প্রকল্পের বাস্তবায়নকাল/ মেয়াদকাল বৃদ্ধি, সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক সর্বোর্চ্চ ১৪১ ফুট উচ্চতার ছাড়পত্র প্রদান ও মূল ডিপিপি অনুযায়ী বিটিএমসি সংলগ্ন খালি জায়গায় ভূগর্ভে ২টি বেজমেন্ট নির্মাণের পরিবর্তে ১টি বেজমেন্ট নির্মাণ ও ভূগর্ভের উপরে ৩ তলার পরিবর্তে ৪ তলা নির্মাণ এবং বিটিএমসি ভবনের সৌন্দর্য্য বৃদ্ধি ও আধুনিকায়ন খাতের ব্যয় প্রাক্কলন বিষয়গুলো অন্তর্ভুক্তির কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে।
২.	এইচ.ওয়াই.ভি জুট এন্ড সীড প্রোটেকশন এন্ড ইমপ্রুভড জুট রেটিং প্রজেক্ট (৩য় সংশোধিত)	ভারত থেকে উন্নতমানের জেআরও -৫২৪ জাতের পাটবীজ আমদানি, পাটবীজের মূল্যবৃদ্ধি, কৃষি যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত আসবাবপত্র ক্রয় ইত্যাদি কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে।
৩.	"তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন , টি বেসিক সেন্টার১ ট্রেনিং ইনস্টিটিউট ও স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প	প্রকল্পের স্থান পরিবর্তন এবং ভূমি অধিগ্রহণের জটিলতার কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে।

৪.	বেগমগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউটকে টেক্সটাইল ইঞ্জনিয়ারিং কলেজে উন্নীতকরণ (সংশোধিত)	নতুনভাবে মাল্টিপারপাস ওয়ার্কসপ ভবন নির্মাণ (উইভিং, নিটিং, ফ্যাশন ওবং ডিজাইন ডিপার্টমেন্ট) অন্তর্ভূক্তকরণ এবং আসবাবপত্রের পরিমাণ বৃদ্ধিসহ অন্যান্য আনুসাঙ্গিক কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

ক্রম	সমস্যা	সুপারিশ
১.	প্রকল্প গ্রহণের পূর্বে কোন ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করা হয়না ফলে প্রকল্প বার বার সংশোধন ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয় ও মেয়াদ উভয়ই বৃদ্ধি পায় যা কাঙ্খিত নয়।	ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে এমনভাবে প্রকল্প ডিজাইন করা উচিত যাতে প্রকল্প সংশোধনের বিষয়টি পরিহার করা সম্ভব হয়।
২.	প্রকল্প মেয়াদকালে ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলির কারণে প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়।	ভবিষ্যতে প্রকল্প মেয়াদকালের জন্য প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী অনুসরণীয় বিষয়গুলি বিবেচনায় নিতে হবে।
৩.	পিসিআর অনুযায়ী সম্পাদিত অডিটে উত্থাপিত আপত্তিগুলি নিষ্পত্তি করা হয়নি।	সম্পাদিত অডিটে উত্থাপিত আপত্তিগুলি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন, ট্রেনিং ইন্সটিটিউট ও ১টি বেসিক সেন্টার স্থাপন (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৭ খ্রিঃ)

১. প্রকল্পের নাম : তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন, ট্রেনিং ইন্সটিটিউট ও ১টি বেসিক সেন্টার স্থাপন (৩য় সংশোধিত)।

২. উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয় ।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ তাঁত বোর্ড।

৪. প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	নরসিংদী	নরসিংদী
	টাঙ্গাইল	কালিহাতি
রাজশাহী	সিরাজগঞ্জ	বেলকুচি
সিলেট	মৌলভীবাজার	কমলগঞ্জ

৫. প্রকল্পের অর্থায়ন : প্রকল্পটি বাংলাদেশ সরকারের অনুদান এবং জেডিসিএফ এর অর্থায়নে বাস্তবায়িত।

ডিপিপি/আরডিপিপি	জিওবি	প্রঃসাঃ (জেডিসিএফ)	মোট
মূল	৫৫.৮৬	৩৫০০.০০	৩৫৫৫.৮৬
১ম সংশোধিত অনুমোদিত	৫৫.৮৬	৩৫০০.০০	৩৫৫৫.৮৬
২য় সংশোধিত অনুমোদিত	৩৩৯.৫০	৩৫০০.০০	৩৮৩৯.৫০
৩য় সংশোধিত অনুমোদিত	৬৫০.০০	৩৫০০.০০	৪১৫০.০০

৬. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৫৫৫.৮৬	৪১৫০.০০	৩৭৫৩.২৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭	৫৯৪.১৪ (১৬.৭১%)	৪ বছর (১৩৩.৩৪%)

৭. প্রকল্পের **উদ্দেশ্যঃ**

ক) তাঁত বস্ত্র উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁতিদের দক্ষতা ও কর্মক্ষমতার উন্নয়ন;

খ) বাজার চাহিদা এবং ভোক্তার পদন্দের সাথে সামঞ্জস্য রেখে তাঁত ও বস্ত্র পণ্যের জন্য নতুন নতুন ডিজাইন উদ্ভাবন করা;

গ) তাঁতিদের জন্য আয়বর্ধনের সুযোগ সৃষ্টি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সুবিধাদি তৈরি করা; এবং

ঘ) মহিলা তাঁতিদের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গুণগত পণ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে তাদের ক্ষমতায়ন করা।

৮. **প্রকল্পের মূল কার্যক্রম এবং এর বিপরীতে প্রাক্কলিত ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মূল কার্যক্রমের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয়		
			জিওবি	প্রঃসাঃ (জেডিসিএফ)	মোট
১.	কর্মকর্তা ও কর্মচারিদের বেতন-ভাতাদি	১০ জন	-	৬৩.১১	৬৩.১১
২.	সরবরাহ ও সেবা	থোক	-	১৪৮.৮৩	১৪৮.৮৩
৩.	যানবাহন মেরামত, রক্ষণাবেক্ষণ ওভারহোয়েলিং ব্যয়	থোক	-	৬.৫৪	৬.৫৪
৪.	সম্পদ সংগ্রহ ও ক্রয় (গাড়ি/যানবাহন ক্রয়-১টি, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি-১১৪৮টি, কম্পিউটার ও আনু. যন্ত্রাংশ-৩২ সেট, অফিস সরঞ্জাম-৪৫ সেট, আসবাবপত্র-৩২৩১ টি এবং অন্যান্য)	থোক	৪০৯.৩৬	৬৯৪.৭৯	১১০৪.১৫
৫.	ভূমি অধিগ্রহণ/ক্রয়	১.৭৬ একর	-	১৩২.৯৯	১৩২.৯৯
৬.	নির্মাণ কাজ	থোক	২০৬.৪২	২৩৮১.৩৩	২৫৮৭.৭৫
৭.	ফিজিক্যাল কন্টিনজেন্সি	১%	১৫.৯১	-	১৫.৯১
৮.	প্রাইজ কন্টিনজেন্সি	১%	১৮.৩১	-	১৮.৩১
		সর্বমোট	৬৫০.০০	৩৫০০.০০	৪১৫০.০০

৯. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

আলোচ্য বিনিয়োগ প্রকল্পটির মূল ডিপিপি ৩৫৫৫.৮৬ লক্ষ (জিওবি ৫৫.৮৬ লক্ষ এবং জেডিসিএফ ৩৫০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/১০/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করে অর্থ্যাৎ জুলাই, ২০১০ হতে জুন,২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। এরপর প্রকল্পের স্থান পরিবর্তন ও ভূমি অধিগ্রহণ জটিলতার কারণে প্রকল্পটির ২য় সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয় এবং ৩৮৩৯.৫০ লক্ষ (জিওবি ৩৩৯.৫০ লক্ষ এবং জেডিসিএফ ৩৫০০.০০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৮/১১/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। সর্বশেষ প্রকল্পের ব্যয় ৪১৫০.০০ লক্ষ (জিওবি ৬৫০.০০ লক্ষ এবং জেডিসিএফ ৩৫০০.০০ লক্ষ) টাকায় উন্নীতপূর্বক প্রকল্পের মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করে প্রকল্পের ৩য় সংশোধন প্রস্তাব গত ২৬/০৫/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	দায়িত্বের মেয়াদকাল	
			আরম্ভ	সমাপ্তি
১.	জনাব মোঃ শরীফ উদ্দিন মিয়া প্রধান (মনিটরিং এ্যান্ড ইভ্যালুয়েশন)	অতিরিক্ত দায়িত্ব	১০/০১/২০১১	০৫/০৪/২০১১
২.	জনাব পরাগ, যুগ্ম-সচিব	পূর্ণকালীন	০৬/০৪/২০১১	২৯/০২/২০১২
৩.	মোঃ আকতারুজ্জামান, যুগ্ম-সচিব	পূর্ণকালীন	১৮/০৩/২০১২	০৮/০৯/২০১৩
৪.	মোঃ ইউসুফ আলী, যুগ্ম-সচিব	পূর্ণকালীন	০৮/০৯/২০১৩	২৬/১১/২০১৪
৫.	মোঃ এমদাদুল হক, অতিরিক্ত সচিব	পূর্ণকালীন	১৪/০১/২০১৫	০৯/১২/২০১৫
৬.	নিমাই চন্দ্র পাল,সদস্য(পরিকল্পনা এবং বাস্তবায়ন)(যুগ্ম-সচিব)	অতিরিক্ত দায়িত্ব	০৯/১২/২০১৫	৩০/০৩/২০১৬
৭.	মোঃ আইয়ুব আলী, প্রধান (পরিকল্পনা এবং বাস্তবায়ন)	অতিরিক্ত দায়িত্ব	৩০/০৩/২০১৬	০৮/০৫/২০১৬
৮.	আবুল কালাম খান, যুগ্ম-সচিব	পূর্ণকালীন	০৮/০৫/২০১৬	১৯/০১/২০১৭
৯.	মোঃ আইয়ুব আলী, প্রধান (পরিকল্পনা এবং বাস্তবায়ন)	অতিরিক্ত দায়িত্ব	১৯/০১/২০১৭	৩০/০৬/২০১৭

১১. বছরভিত্তিক এডিপি/আরএডিপি বরাদ্দ এবং প্রকৃত অগ্রগতির তথ্যঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	প্রকৃত অগ্রগতি			
	জিওবি	প্রঃসাঃ	মোট		জিওবি	প্রঃসাঃ	মোট	বাস্তব (%)
২০১০-১১	৩০০.০০	-		৩০০.০০	১৫৯.৪৪	-	১৫৯.৪৪	৫৩.১৫%
২০১১-১২	৩৩০.০০	-		১৫৭.৫০	২৩.৮৩	-	২৩.৮৩	৭.২২%
২০১২-১৩	**১২৫.০০**	-	**৮২.১০**	**১২৫.০০**	**১১৩.৭৪**	-	**১১৩.৭৪**	**৯০.৯৯**%
২০১৩-১৪	**৭৭৭.০০**	-	**১৩৫৩.৫০**	**৭৭৬.৫০**	**৭৬২.৯৭**	-	**৭৬২.৯৭**	**৯৮.১৯**%
২০১৪-১৫	**২৩৩৮.০০**	-	**১৬৯৫.৩০**	**১১৬৯.০০**	**১০১০.১৩**	-	**১০১০.১৩**	**৪৩.২০**%
২০১৫-১৬	**১২৪০.০০**	-	-	**১২৪০.০০**	**১২৩৯.৮৯**	-	**১২৩৯.৮৯**	**১০০**%
২০১৬-১৭	**৫৩৯.০০**	-	-	**৫৩৯.০০**	**৪৪৩.২৩**	-	**৪৪৩.২৩**	**৮২.২৩**%
মোটঃ	**৫৬৪৯.০০**	-	**৫৬৪৯.০০**	**৪৩০৭.০০**	**৩৭৫৩.২৩**	-	**৩৭৫৩.২৩**	**১০০**%

আলোচ্য প্রকল্পের অনুকূলে ২০১০-১১ অর্থবছর হতে ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত মোট ৪৩০৭.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। মোট ছাড়কৃত অর্থের মধ্যে ৩৭৫৩.২৩ লক্ষ টাকা ব্যয় হয় এবং অবশিষ্ট অব্যয়িত অর্থ (৪৩০৭.০০-৩৭৫৩.২৩) = ৫৫৩.৭৭ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়।

১২. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	আরডিপিপি অনুযায়ী খাতওয়ারী বিবরণ	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬
(ক) রাজস্ব					
১	কর্মকর্তাদের বেতন	১ জন	২৯.৮৫	১ জন	২৪.৫২
২	কর্মচারীদের বেতন	৯ জন	৪২.৫৬	৯ জন	৩৭.৯৯
৩	মহার্ঘভাতা	১০ জন	৪.০১	১০ জন	৪.০০
৪	বাড়ি ভাড়া	৪ জন	১৯.৯২	৪ জন	১৫.১৬
৫	শ্রান্তিবিনোদন ভাতা	১ জন	২.০৭	১ জন	০.৯৫
৬	উৎসব ভাতা	৪ জন	১২.৬৩	৪ জন	১০.৬৭
৭	চিকিৎসা ভাতা	৪ জন	২.২৮	৪ জন	১.৫৬
৮	আপ্যায়ন ভাতা	৪ জন	০.৪৭	৪ জন	০.৩৭
৯	প্রেষণভাতা	১ জন	৩.৮৩	১ জন	৩.৮৩
১০	টিফিন ভাতা	৩ জন	০.২৮	৩ জন	০.২১
১১	ভ্রমন ভাতা	৪ জন	১.৭০	৪ জন	১.২৫
১২	যাতায়াত ভাতা	৩ জন	০.৩১	৩ জন	০.২১
১৩	শিক্ষা সংক্রান্ত ভাতা	১ জন	০.৫৩	১ জন	০.২০
১৪	টেলিফোন ভাতা	১ জন	১.৪৭	১ জন	০.৩৭
১৫	অন্যান্য ভাতা	৪ জন	১৩.৬১	৪ জন	১২.১৫
সরবরাহ ও সেবা					
১৬	এক্সিকিউটিং এজেন্সি ব্যয়	থোক	৩.২০	থোক	২.২০
১৭	প্রকল্প অফিস ভাড়া	৩২ মাস	১২.৭০	৩২ মাস	১২.৭০
১৮	টেলিফোন বিল	থোক	২.০০	থোক	০.৭৬
১৯	পানির বিল	থোক	০.৫১	থোক	০.১৪
২০	বিদ্যুৎ বিল	থোক	১.২০	থোক	১.১৫
২১	পেট্রোল এবং লুব্রিকেন্ট	থোক	১৫.৯৩	থোক	১৩.২৮
২২	মুদ্রণ	থোক	৩.৩০	থোক	২.৬৯
২৩	স্টেশনারী সামগ্রী	থোক	৩.৬৩	থোক	৩.৫৩
২৪	প্রকাশনা এবং বিজ্ঞাপন	থোক	৪.৩৯	থোক	২.৯০
২৫	বিদেশ ভ্রমন	থোক	৮১.০০	থোক	৭৮.৬৬
২৬	আপ্যায়ন ব্যয়	থোক	২.৪৫	থোক	১.৭০
২৭	সম্মানী	থোক	৬.৫৮	থোক	৫.৮৩
২৮	উদ্বোধনী অনুষ্ঠান ব্যয়	থোক	১.০০	থোক	০.০০
২৯	অন্যান্য ব্যয়	থোক	১০.৯৪	থোক	১০.৮৭
	মোট (সরবরাহ ও সেবা)		**১৪৮.৮৩**		**১৩৬.৪০**

ক্রঃ নং	আরডিপিপি অনুযায়ী খাতওয়ারী বিবরণ	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬
৩০	যানবাহন, মেরামত, রক্ষণাবেক্ষণ ও ওভারহাউলিং	থোক	৬.৫৪	থোক	৬.৩০
	উপ-মোট (রাজস্ব)		**২৯০.৮৯**		**২৫৬.১৫**
(খ) মূলধন খাত					
সম্পদ সংগ্রহ ও ক্রয়					
৩১	গাড়ী/যানবাহন ক্রয়	১টি	২৫.৭৫	১টি	২৫.৭৫
৩২	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি	১১৪৮ টি	৬১৭.০০	১১৪৮ টি	৫৯২.৪৬
৩৩	কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রাংশ	৩২ সেট	১৫.০৪	৩২ সেট	১৪.৯১
৩৪	অফিস সরঞ্জাম	৪৫ সেট	৩৫.০২	৪৫ সেট	৩২.২৩
৩৫	আসবাবপত্র	৩২৩১ টি	১.৯৮	৩২৩১ টি	১৭৪.৬১
৩৬	অন্যান্য: সোলার পিভি পাওয়ার সিস্টেম (প্রতিটি ৪.০০ কেডব্লিউপি)	৪টি	০.০০	৪টি	৩৫.৯৭
ভূমি অধিগ্রহণ/ক্রয় ও নির্মাণ কাজ					
৩৭	ভূমি অধিগ্রহণ (কালিহাতি ও বেলকুচি)	১.৭৬ একর	১৩২.৯৯	১.৭৬ একর	১৩২.৯৯
৩৮	ভূমি উন্নয়ন (কালিহাতি ও বেলকুচি)	৩৬৯২৩.০০ ঘঃমিঃ	৭০.৬২	৩৬৯২৩.০০ ঘঃমিঃ	৬৮.৬২
৩৯	প্রশিক্ষণ কেন্দ্র/উপকেন্দ্রের জন্য প্রশাসনিক ভবন	৩০৬৬.৯১ বঃমিঃ	৮৫৮.৫১	৩০৬৬.৯১ বঃমিঃ	৮৪৫.০২
৪০	প্রশিক্ষণ উপকেন্দ্রের জন্য ডরমেটরি ও মহিলা হোস্টেল	৩৭৯৫.৭২ বঃমিঃ	১০৬৮.৫৯	৩৭৯৫.৭২ বঃমিঃ	৯৮৪.৭৬
৪১	প্রশিক্ষণ কেন্দ্র/উপকেন্দ্রের জন্য ভবন ও অবকাঠামো নির্মাণ	-	৫৭৭.৮৯	-	৫৭৭.৮৯
৪২	বৈদ্যুতিক লাইন শিফ্টিং	-	২.১৪	-	২.১৪
৪৩	অন্যান্য ব্যয় (ড্রইং, ডিজাইন, ডিজিটাল সার্ভে এবং দরপত্র প্রস্তুতি)	-	১০.০০	-	৯.৭৩
	উপ-মোট (ভূমি অধিগ্রহণ/ক্রয় ও নির্মাণ কাজ)		**২৫৮৭.৭৫**		**২৪৮৮.১৬**
	উপ-মোট (মূলধন খাত)		**৩৮২৪.৮৯**		**৩৪৯৭.০৮**
(গ)	ফিজিক্যাল কন্টিনজেন্সী	১%	১৫.৯১		০.০০
(ঘ)	প্রাইস কন্টিনজেন্সী	১%	১৮.৩১		০.০০
	সর্বমোট (রাজস্ব+ মূলধন)		**৪১৫০.০০**		**৩৭৫৩.২৩**

১৩. <u>পরিদর্শন পর্যবেক্ষণ ও সার্বিক পর্যবেক্ষণঃ</u>

১৩.১ সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট উপ পরিচালক (সামাজিক-৩) কর্তৃক গত ১৪/০৫/২০১৮ তারিখে প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের বেলকুচি এবং গত ০৮/০৭/২০১৮ তারিখে নরসিংদী জেলার সদর উপজেলার বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) এবং আলোচ্য প্রকল্পের সর্বশেষ প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনকৃত কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী এবং কেন্দ্রের অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

১৩.২ প্রকল্পের আওতায় বাস্তবায়িত এবং সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও পর্যবেক্ষণ নিম্নে প্রদত্ত হলঃ

ক. ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নঃ

প্রকল্পের আওতায় টাঙ্গাইলের কালিহাতিতে ০.৭৬ একর এবং সিরাজগঞ্জের বেলকুচিতে ১.০০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। এ খাতে মোট ব্যয় প্রাক্কলন করা হয়েছে ১৩২.৯৯ লক্ষ টাকা। এর সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে। এ ২টি (কালিহাতি ও বেলকুচি) প্রকল্প এলাকায় মোট ৩৬৯২৩.০০ কিউবিক মিটার ভূমি উন্নয়নের কাজ করা হয়েছে যার ব্যয় প্রাক্কলন করা হয়েছে ৭০.৬২ লক্ষ টাকা। পিসিআরের তথ্য অনুযায়ী এর মধ্যে ব্যয় হয়েছে ৬৮.৬২ লক্ষ টাকা। এ খাতে বরাদ্দকৃত অর্থ জেডিসিএফ অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

খ. ১টি প্রশিক্ষণ কেন্দ্র ও ৩টি উপকেন্দ্রের জন্য প্রশাসনিক ভবন নির্মাণঃ

ট্রেনিং ইন্সটিটিউট, নরসিংদীতে প্রতি ফ্লোর ৪৬৪.৬৮ বঃমিঃ আয়তনবিশিষ্ট তিন তলা একাডেমিক ভবন নির্মাণ খাতে ৩৬৬.৭১ লক্ষ টাকা এবং ৩ টি প্রশিক্ষণ উপকেন্দ্রে প্রতি ফ্লোর ২৭৮.৮১০ বঃমিঃ আয়তনবিশিষ্ট দ্বিতল একাডেমিক ভবন নির্মাণ খাতে ৪৯১.৮০ লক্ষ টাকা সহ মোট ৮৫৮.৫১ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। পিসিআরের তথ্য অনুযায়ী এ খাতে ৮৪৫.০২ লক্ষ টাকা ব্যয় হয়েছে যার সম্পূর্ণটাই জেডিসিএফ অর্থায়নে বাস্তবায়িত।

গ. ১ টি প্রশিক্ষণ কেন্দ্র ও ৩টি উপকেন্দ্রের জন্য ডরমেটরি ও মহিলা হোস্টেল নির্মাণঃ

নরসিংদী প্রশিক্ষণ কেন্দ্রে প্রতি ফ্লোর ২৩২.৩৪২ বঃমিঃ আয়তনের তিনতলাবিশিষ্ট ১টি ডরমেটরী ভবন নির্মাণ খাতে ২০২.৫০ লক্ষ ও একতলাবিশিষ্ট বিদ্যমান মহিলা হোস্টেলের ১৫০.০০ বঃমিঃ আয়তনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (একতলা) নির্মাণ খাতে ৫৬.৫০ লক্ষ টাকা এবং ৩টি প্রশিক্ষণ উপকেন্দ্রের জন্য প্রতি ফ্লোরের আয়তন ২৭৮.৮১০ বঃমিঃ বিশিষ্ট তিনতলা ডরমেটরী নির্মাণের জন্য ৬২৪.০৫ লক্ষ ও ১৫০.০০ বঃমিঃ আয়তনের একতলাবিশিষ্ট মহিলা হোস্টেল ভবন নির্মাণ খাতে ১৮৫.৫৪ লক্ষ টাকাসহ মোট ১০৬৮.৫৯ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এর মধ্যে জিওবি ১১১.২৫ লক্ষ এবং জেডিসিএফ ৯৫৭.৩৪ লক্ষ টাকা। পিসিআরে বর্ণিত ব্যয়ের হিসাব অনুযায়ী ৯৮৪.৭৬ লক্ষ টাকা এ খাতে খরচ দেখানো হয়েছে।

ঘ. প্রশিক্ষণ কেন্দ্র ও উপকেন্দ্রের জন্য অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণঃ

এ খাতের মধ্যে সীমানা প্রাচীর নির্মাণ, এমএস গেটসহ কাঁটাতারের বেড়া, প্র্যাকটিক্যাল শেড তৈরি, ৬০.০০ বঃমিঃ আয়তনের গ্যারেজ নির্মাণ, মাষ্টার ড্রেন ও সারফেস ড্রেন, অভ্যন্তরীণ ইলেকট্রিফিকেশন এবং ক্যাম্পাস লাইটিং, ডিপ টিউব ওয়েল ও পাম্প হাউজ রিজার্ভার, রেইন ওয়াটার রিজার্ভার ওয়াটার সাপ্লাই ডিস্ট্রিবিউশন এ্যান্ড পাইপ লাইন ইত্যাদি অন্তর্ভূক্ত রয়েছে। এ খাতে মোট ৫৭৭.৮৯ লক্ষ (জিওবি ৯৫.১৭ লক্ষ এবং জেডিসিএফ ৪৮২.৭২ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে যার সম্পূর্ণটাই ব্যয় হয়ে গেছে মর্মে পিসিআর হতে জানা যায়।

ঙ. সম্পদ সংগ্রহ ও ক্রয়ঃ

প্রকল্পের আওতায় মূলধন অংশে সম্পদ সংগ্রহ ও ক্রয় হিসেবে যানবাহন ক্রয়, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি, কম্পিউটার ও আনু. যন্ত্রাংশ, অফিস সরঞ্জাম, আসবাবপত্র এবং অন্যান্য হিসেবে সোলার পিভি পাওয়ার সিস্টেম অন্তর্ভূক্ত রয়েছে। এর মধ্যে আলোচ্য প্রকল্পের আওতায় জেডিসিএফ অর্থায়নে ১টি যানবাহন (মাইক্রোবাস) ক্রয় খাতে ২৫.৭৫ লক্ষ, ১১৪৮টি যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতে বরাদ্দকৃত ৮১৬.৬৪ লক্ষ (জিওবি ১৯৯.৬৪ লক্ষ ও জেডিসিএফ ৬১৭.০০ লক্ষ) টাকার মধ্যে ১১৪২টি যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে এবং এ খাতে ব্যয় হয়েছে মোট ৫৯২.৪৬ লক্ষ টাকা। এ প্রকল্পের অধীনে জেডিসিএফ অর্থায়নে ৩২ সেট কম্পিউটার ও আনু. যন্ত্রাংশ ক্রয় খাতে বরাদ্দকৃত ১৫.০৪ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ১৪.৯১ লক্ষ টাকা এবং বাস্তব অগ্রগতি ১০০%। অন্যদিকে ৪৫ সেট অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য জেডিসিএফ এর বরাদ্দকৃত ৩৫.০২ লক্ষ টাকার বিপরীতে ১০০% বাস্তব অগ্রগতিসহ ব্যয়

হয়েছে ৩২.২৩ লক্ষ টাকা এবং ৩২৩১টি আসবাবপত্র ক্রয়ের জন্য মোট ১৭৫.৭০ লক্ষ (জিওবি ১৭৩.৭২ লক্ষ এবং জেডিসিএফ ১.৯৮ লক্ষ) টাকার বিপরীতে ৩২১৩ টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে এবং এ খাতে ব্যয় হয়েছে ১৭৪.৬১ লক্ষ টাকা।

১৩.৩ অন্যান্য পর্যবেক্ষণঃ

১৩.৩.১ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে প্রত্যেক অর্থবছরের শেষে FAPAD কর্তৃক অডিট সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ রয়েছে। এছাড়া অডিট সংক্রান্ত কোন বিস্তারিত তথ্য পিসিআরে সন্নিবেশ করা হয়নি। প্রকল্পের বাস্তবায়নকালীন সময়ে সম্পাদিত অডিটে কোন আপত্তি আছে কিনা এবং যদি থাকে সেটি নিষ্পত্তি করা হয়েছে কিনা/নিষ্পত্তির প্রক্রিয়া কোন্ পর্যায়ে রয়েছে সে বিষয়ে আইএমইডিকে অবহিত করতে হবে।

১৩.৩.২ টেন্ডার সংক্রান্তঃ

অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপিতে মোট ক্রয় পরিকল্পনায় নরসিংদীতে অন্যান্য ভবন নির্মাণের প্রাক্কলিত ব্যয় ৮৭.০১ লক্ষ, বেলকুচিতে অফিস ভবন কাম একাডেমিক ভবন নির্মাণ খাতে ১৪৪.৮০ লক্ষ এবং বেলকুচির প্র্যাকটিক্যাল শেড নির্মাণের প্রাক্কলিত ব্যয় ৪০.৯১ লক্ষ টাকা উল্লেখ রয়েছে। কিন্তু পিসিআরে টেন্ডার সংক্রান্ত প্রদত্ত তথ্যে পরিলক্ষিত হয় যে, এগুলোর চুক্তিমূল্য যথাক্রমে ৯২.৮৯ লক্ষ, ১৫০.৯১ লক্ষ এবং ৪৩.৯৫ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের চেয়ে অধিক।

এ বিষয়ে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কিনা তা আইএমইডিকে অবহিত করতে হবে।

১৩.৩.৩ জনবল সংক্রান্তঃ

প্রকল্পটি জুন'২০১৭ তে সমাপ্ত হয়েছে। প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর অতিক্রান্ত হয়ে গেলেও প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় ১০৫ জন জনবল সৃষ্টির প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে বিধায় অদ্যাবধি জনবল নিয়োগ করা হয়নি। ফলে প্রকল্পের আওতায় নির্মাণাধীন অবকাঠামো ব্যবহারের নিমিত্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম আরম্ভ করা সম্ভব হয়নি।এ বিষয়ে বাংলাদেশ তাঁত বোর্ডের নিবিড় তদারকি অব্যাহত রেখে যত দ্রুত সম্ভব জনবল নিয়োগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভের উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৩.৩.৪ পরিদর্শিত এলাকার পর্যবেক্ষণঃ

বেলকুচি পরিদর্শনকালে পরিলক্ষিত হয়, ডরমেটরী ভবনের কিছু জায়গা ড্যাম হয়ে যাওয়ার কারণে স্যাঁতস্যাতে হয়ে গেছে, কক্ষের দরজা ও ছিটকিনি আটকানো যাচ্ছে না, গেটে নামফলক লাগানো হয়নি ইত্যাদি। পরিদর্শনকালে পিডাব্লিউডি'র উপস্থিত প্রকৌশলীকে অবহিত করা হলে তিনি জানান, নির্মিত অবকাঠামো ব্যবহার করা না হলে এ জাতীয় সমস্যা দেখা দেয়। তাই প্রশিক্ষণ কেন্দ্র চালুর ১/২ মাস পূর্বে তাকে অবহিত করা হলে এসব পরিলক্ষিত ত্রুটি/বিচ্যুতিসমূহ সংস্কার/স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি জানান।

নরসিংদী'র ফ্যাশন ডিজাইন ট্রেনিং ইন্সটিটিউটে সোলার প্যানেল চালু না হওয়া, পাম্পে পানি না উঠা, প্রাকটিক্যাল শেডের ত্রুটিপূর্ণ ফলস সিলিং ইত্যাদির বিষয়ে সংশ্লিষ্ট জেলার পিডাব্লিউডি'র উপ-বিভাগীয় প্রকৌশলীকে অবহিত করা হলে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।

প্রকল্পের পরিদর্শিত এলাকাসহ অন্যান্য প্রকল্প এলাকায় নির্মিত অবকাঠামো'র পরিলক্ষিত ত্রুটি/বিচ্যুতি সম্পর্কে পিডাব্লিউডিকে লিখিতভাবে অবহিতপূর্বক এসব বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

১৩.৪ পরিদর্শনের স্থির চিত্র ও বর্ণনাঃ



চিত্রঃ প্রকল্পের আওতায় সিরাজগঞ্জের বেলকুচিতে পরিদর্শনকালে।



চিত্রঃ প্রকল্পের আওতায় বেলকুচি কেন্দ্রে সংগৃহীত যন্ত্রপাতির একাংশ।



চিত্রঃ সিরাজগঞ্জের বেলকুচিতে নির্মিত তিনতলাবিশিষ্ট ডরমেটরি।



চিত্রঃ সিরাজগঞ্জের বেলকুচিতে নির্মিত একতলাবিশিষ্ট ছাত্রী হোস্টেল।



চিত্রঃ নরসিংদীর ফ্যাশন ডিজাইন এ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউটে সংগৃহীত মালামালের কিয়দংশ।



চিত্রঃ নরসিংদীর ফ্যাশন ডিজাইন এ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউট পরিদর্শনকালে সংশ্লিষ্টদের সাথে।

১৪. <u>প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ</u>

ক্রঃনং	উদ্দেশ্যে	অর্জন
১.	তাঁত বস্ত্র উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁতিদের দক্ষতা ও কর্মক্ষমতার উন্নয়ন;	আলোচ্য প্রকল্পের বর্ণিত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রকল্পের আওতায় নরসিংদীতে ১টি ফ্যাশন ডিজাইন ট্রেনিং ইন্সটিটিউট, টাঙ্গাইলের কালিহাতি, সিরাজগঞ্জের বেলকুচি এবং মৌলভীবাজারের কমলগঞ্জে ৩টি প্রশিক্ষণ উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় ১০৫ জন জনবল সৃষ্টির লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। বর্তমানে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্প সমাপ্তির পর প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভের জন্য কর্মপরিকল্পনা নির্ধারিত রয়েছে এবং সংস্থান অনুযায়ী জনবলের নিয়োগ/পদায়নের পর বাংলাদেশ তাঁত বোর্ড যত দ্রুত সম্ভব প্রশিক্ষণ আরম্ভের উদ্যোগ নিচ্ছে।
২.	বাজার চাহিদা এবং ভোক্তার পদন্দের সাথে সামঞ্জস্য রেখে তাঁত ও বস্ত্র পণ্যের জন্য নতুন নতুন ডিজাইন উদ্ভাবন করা;	
৩.	তাতিঁদের জন্য আয়বর্ধনের সুযোগ সৃষ্টি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সুবিধাদি তৈরি করা; এবং	
৪.	মহিলা তাঁতিদের উৎপাদনশীলতা বৃদ্ধি এবং গুণগত পণ্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে তাদের ক্ষমতায়ন করা।	

১৫. <u>কাজ অসমাপ্ত থাকলে উহার বিবরণঃ</u>

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

১৬. পর্যবেক্ষণ ও সমস্যাঃ

১৬.১ প্রকল্পের বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় ১০৫ জন জনবলের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে অনুমোদনের লক্ষ্যে প্রক্রিয়াধীন রয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। ফলে প্রকল্পের আওতায় নির্মিত প্রশিক্ষণ কেন্দ্র ও উপকেন্দ্রে প্রশিক্ষণের জন্য নির্ধারিত বাৎসরিক লক্ষ্যমাত্রা রয়েছে-২৪০০ জন যা ফলপ্রসূভাবে অর্জন সম্ভব হবেনা/কষ্টসাধ্য হয়ে পড়বে।

১৬.২ আরডিপিপি'র লগ ফ্রেমের প্রকল্পের উদ্দেশ্য অর্জেনর বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI) এ উল্লেখ রয়েছে, প্রকল্প সমাপ্তির ৩ বছরের মধ্যে ২১,৬০০ জন তাঁতিকে কর্মসংস্থানের ব্যবস্থা, ২০১৭ সালের পর প্রতি বছর ৪.৩২ কোটি মিটার কাপড় উৎপাদন, ২০১৭ সালে প্রকল্প সমাপ্তির পর ২১.৬০ কোটি পণ্যমূল্য অর্জন এবং প্রতি বছর জাতীয় অর্থনীতিতে ৮.৬৪ কোটি টাকা মূল্য সংযোজন করা হবে। কিন্তু বাস্তবায়িত প্রকল্পের মাধ্যমে অদ্যাবধি এগুলো অর্জনের প্রক্রিয়াই আরম্ভ করা সম্ভব হয়নি যা অত্যন্ত হতাশাব্যঞ্জক।

১৬.৩ প্রকল্পটির বাস্তবায়নকালীন সময়ে মোট ৯ (নয়) জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। প্রকল্প পরিচালকের ঘন ঘন বদলি, প্রকল্প পরিচালক হিসেবে স্বল্প সময়ের অবস্থান এবং প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান ইত্যাদির কারণে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিলম্বিত হয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

১৬.৪ প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর অতিক্রান্ত হয়ে গেলেও প্রকল্প এলাকায় স্থাপিত যন্ত্রপাতি/সংগৃহীত আসবাবপত্র ও ইক্যুইপমেন্ট অদ্যাবধি ব্যবহৃত না হওয়ায় অব্যবহৃত অবস্থায় এর কার্যকাল/আয়ুস্কাল কমে যাচ্ছে। এছাড়া প্রস্তাবিত জনবল নিয়োগের পর টেকনিক্যাল জনবলকে এগুলো পরিচালনায় প্রশিক্ষণ প্রদান করা হবে। তারপর প্রশিক্ষণার্থীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হবে-যা আরও সময়সাপেক্ষ ব্যাপার। ফলে এগুলোর ব্যবহার উপযোগিতা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। প্রকল্প সমাপ্তির আগে থেকে এ প্রক্রিয়া আরম্ভ করা গেলে এবং নিয়মিত মনিটরিং করা হলে প্রকল্প সমাপ্তির অব্যাবহিত পরেই এসব কেন্দ্রের প্রশাসনিক কার্যক্রমসহ নিয়মিত কার্যক্রম পরিচালনা করা সম্ভব হত।

?? ????????

১৭.১ প্রকল্পের বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় ১০৫ জন জনবল অতি সত্বর নিয়োগপূর্বক নির্মিত প্রশিক্ষণ কেন্দ্র ও উপকেন্দ্রে প্রশিক্ষণের জন্য নির্ধারিত বাৎসরিক লক্ষ্যমাত্রা ফলপ্রসূভাবে অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৭.২ প্রকল্পটির বাস্তবায়নকালীন সময়ে মোট ৯ (নয়) জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন। প্রকল্প পরিচালকের ঘন ঘন বদলি, প্রকল্প পরিচালক হিসেবে স্বল্প সময়ের অবস্থান এবং প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান ইত্যাদির কারণে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিলম্বিত হয়। ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে এ বিষয়গুলো বিবেচনায় নিতে হবে।

১৭.৩ প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর অতিক্রান্ত হয়ে গেলেও প্রকল্প এলাকায় স্থাপিত যন্ত্রপাতি/সংগৃহীত আসবাবপত্র ও ইক্যুইপমেন্ট অদ্যাবধি ব্যবহৃত হয়নি। এগুলো সম্পূর্ণভাবে চালু করার প্রক্রিয়া সম্পন্ন করা আরও সময়সাপেক্ষ ব্যাপার বিধায় অব্যবহৃত অবস্থায় এগুলোর ব্যবহার উপযোগিতা/কার্যকারিতা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে/পাবে।

১৭.৪ আরডিপিপি'র লগ ফ্রেমের প্রকল্পের উদ্দেশ্য অর্জনের বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI) এ উল্লেখিত লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জনের নিমিত্ত প্রকল্প বাস্তবায়নোত্তর সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক তা যথাযথভাবে অনুসরণ করতে হবে। এজন্য বাস্তবায়নকারি সংস্থার সংশ্লিষ্টদের (প্রযোজ্য ক্ষেত্রে প্রযোজ্যমতে) নিবিড় তদারকি প্রয়োজন (অনু ১৭.২)।

১৭.৫ প্রকল্পের পরিদর্শিত এলাকাসহ অন্যান্য প্রকল্প এলাকায় নির্মিত অবকাঠামো'র পরিলক্ষিত ত্রুটি/বিচ্যুতি সম্পর্কে পিডাব্লিউডিকে লিখিতভাবে অবহিত করতে হবে এবং এসব বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিতপূর্বক নির্মিত অবকাঠামো নিয়মানুযায়ী সংশ্লিষ্টদের কাছে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে (অনু ১৩.৩.৪)।

১৭.৬ অনুমোদিত ৩য় সংশোধিত ডিপিপিতে মোট ক্রয় পরিকল্পনায় নরসিংদীতে অন্যান্য ভবন নির্মাণের প্রাক্কলিত ব্যয় ৮৭.০১ লক্ষ, বেলকুচিতে অফিস ভবন কাম একাডেমিক ভবন নির্মাণ খাতে ১৪৪.৮০ লক্ষ এবং বেলকুচির প্র্যাকটিক্যাল শেড নির্মাণের প্রাক্কলিত ব্যয় ৪০.৯১ লক্ষ টাকা উল্লেখ রয়েছে। কিন্তু পিসিআরে টেন্ডার সংক্রান্ত প্রদত্ত তথ্যে পরিলক্ষিত হয় যে, এগুলোর চুক্তিমূল্য যথাক্রমে ৯২.৮৯ লক্ষ, ১৫০.৯১ লক্ষ এবং ৪৩.৯৫ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের চেয়ে অধিক। এ বিষয়ে কারণ/ব্যাখ্যা/যৌক্তিকতা এবং গৃহীত ব্যবস্থাদি (যদি থাকে) সম্পর্কে আইএমইডিকে অবহিত করতে হবে।

১৭.৭ ফ্যাশন ডিজাইন ও ট্রেনিং ইন্সটিটিউটের জন্য যুগোপযোগি কারিকুলাম প্রণয়ন করতে হবে এবং প্রণীত কারিকুলাম নির্দিষ্ট সময় অন্তর গঠিত কমিটি কর্তৃক নিয়মিত হালনাগাদ (আপডেট) করতে হবে।

১৭.৮ প্রকল্পের বাস্তবায়নকালীন সময়ে সম্পাদিত অডিটে কোন আপত্তি আছে কিনা এবং যদি থাকে সেটি নিষ্পত্তি করা হয়েছে কিনা/নিষ্পত্তির প্রক্রিয়া কোন্ পর্যায়ে রয়েছে সে বিষয়ে আইএমইডিকে অবহিত করতে হবে (অনু ১৩.৩.১)।

১৭.৯ উপরোল্লিখিত সুপারিশ উপানুচ্ছেদসমূহ (১৭.১-১৭.৮) এর আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাবলী আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-কে অবহিত করতে হবে।

Vertical Extension of BTMC Bhaban (8th floor to 11th floor) and Construction of 5 Storied (including 1 basement) Car Parking Facility in Adjacent Vacant Land of BTMC (2nd Revised) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ)

১. প্রকল্পের নাম : Vertical Extension of BTMC Bhaban (8th floor to 1 1th floor) and Construct ion of 5 Storied (including 1 basement) Car Parking Facility in Adjacent Vacant Land of BTMC (2nd Revised)

২. উদ্যোগী মন্ত্রণালয় /বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয় ।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেক্সটাইল মিল্‌স কর্পোরেশন (বিটিএমসি)।

৪. প্রকল্পের অবস্থান : ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

৫. প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ টেক্সটাইল মিলস্‌ করপোরেশন (বিটিএমসি) এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত।

৬. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৪৫৪.০০	৩৪৫৩.৬০	৩২৫৮.৬১	এপ্রিল, ২০১২ হতে জুন, ২০১৪	এপ্রিল, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	এপ্রিল, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	--	২ বছর ৬ মাস (১১১.১১%)

৭. সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১ পটভূমিঃ

বিটিএমসি ভবন সংলগ্ন ১২.৮৭ কাঠা খালি জায়গায় গ্যারেজ নির্মাণ ও ২০ তলা ফাউন্ডেশন বিশিষ্ট বর্তমান ভবনটির (৮ তলা বিশিষ্ট) উপরে ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত ৪টি ফ্লোর নির্মাণপূর্বক স্পেস ভাড়া প্রদানের মাধ্যমে বিটিএমসি 'র আয় বৃদ্ধি ও দেনা পরিশোধের নিমিত্ত নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে "Vertical Extension of BTMC Bhaban (8th floor to 13th floor) and Construct ion of Car Parking Facility in Adjacent Vacant Land of BTMC" শীর্ষক প্রকল্পের 'ডিপিপি' প্রণয়ন করা হয়। উক্ত অনুমোদিত মূল ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত প্রকল্প ব্যয় ৩৪৫৪.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদকাল ছিল এপ্রিল, ২০১২ হতে জুন, ২০১৪। বিটিএমসি ভবন নির্মাণে রাজউকের অনুমোদন প্রাপ্তির বিলম্বের কারণে যথাসময়ে নির্মাণ কাজ শুরু করা সম্ভব হয়নি। এছাড়া প্রকল্পের নামকরণে ত্রুটির কারণে নাম সংশোধন, প্রকল্পের বাস্তবায়নকাল/ মেয়াদকাল বৃদ্ধি, সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ ১৪১ ফুট উচ্চতার ছাড়পত্র প্রদান ও মূল ডিপিপি অনুযায়ী বিটিএমসি সংলগ্ন খালি জায়গায় ভূগর্ভে ২টি বেজমেন্ট নির্মাণের পরিবর্তে ১টি বেজমেন্ট নির্মাণ ও ভূগর্ভের উপরে ৩ তলার পরিবর্তে ৪ তলা নির্মাণ এবং বিটিএমসি ভবনের সৌন্দর্য্য বৃদ্ধি ও আধুনিকায়ন খাতের ব্যয় প্রাক্কলন বিষয়গুলো অন্তর্ভুক্ত করে "Vertical

Extension of BTMC Bhaban (8th floor to 1 1th floor) and Construct ion of 5 Storied (including 1 basement) Car Parking Facility in Adjacent Vacant Land of BTMC " শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২ উদ্দেশ্যঃ

ক) বিটিএমসি ভবনের পার্শ্বে ১২.৮৭ কাঠা খালি জায়গায় ৫ তলা বিশিষ্ট গ্যারেজ নির্মাণ ও মূল ভবনের উপরে ৪ তলা সম্প্রসারণ;

খ) ভবন ও গ্যারেজ ভাড়া প্রদানের মাধ্যমে আয় বৃদ্ধি করে অত্যাবশ্যকীয় ব্যয় মিটানোসহ বিভিন্ন প্রতিষ্ঠানের দায়-দেনা পরিশোধ;

গ) অত্র এলাকায় গাড়ী পার্কিং এর সুযোগ সৃষ্টি; এবং

ঘ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

৮. **প্রকল্পের মূল কার্যক্রম এবং এর বিপরীতে প্রাক্কলিত ব্যয়ঃ**

(লক্ষ টাকা)

ক্রঃ নং	মূল কার্যক্রমের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয়
১.	বিটিএমসি ভবনের উপরের ৯ তলা হতে ১২তম তলা পর্যন্ত ৪টি ফ্লোর নির্মাণ এবং বিটিএমসি ভবন সংলগ্ন খালি জায়গায় ১টি বেজমেন্টসহ ৫ তলাবিশিষ্ট গ্যারেজ ও বিটিএমসি ভবনের নীচ তলা (বেজমেন্ট) সহ ১১০টি গাড়ী রাখার পার্কিং কাজ এবং সৌন্দর্য্য বর্ধন কাজ (নীচ তলা হতে ১২ তলা পর্যন্ত)	১০২৩৬ বঃ মিঃ	২২৮৯.২০
২.	ইলেকট্রিফিকেশনের কাজ	থোক	১৫২.০০
৩.	লাইটিং, ওভারহেড ট্যাংক ও আন্ডারগ্রাউন্ড ট্যাংক	থোক	৩১.৫০
৪.	কনসালট্যান্সি	থোক	৫১.০০
৫.	অর্নামেন্টাল ওয়ার্কস	৯৩০০ বঃমিঃ	৫৫৫.০০
৬.	সম্পদ ক্রয়/ সংগ্রহ (যানবাহন, লিফট, ইলেকট্রিক্যাল সাব স্টেশন, ফায়ার ফাইটিং, কম্পিউটার এ্যান্ড হার্ডওয়্যার, অফিস ইক্যুইপমেন্ট, টেলিফোন সেট ও সোলার প্যানেল)	থোক	৩৩৯.৯০
৭.	রাজস্ব ব্যয়	থোক	৩৫.০০
		সর্বমোট	৩৪৫৩.৬০

৯. প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

আলোচ্য বিনিয়োগ প্রকল্পটির মূল ডিপিপি ৩৪৫৩.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে এপ্রিল, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭/০৫/২০১২ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় হ্রাসপূর্বক ৩৪৫৩.৬০ লক্ষ টাকা এবং মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারণ করে গত ১৮/০৭/২০১৩ তারিখে প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। এরপর বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক গত ২৪/০৩/২০১৬ তারিখে প্রকল্পের ব্যয় অপরিবর্তিত রেখে মেয়াদকাল আরও ১ (এক) বছর ৬ (ছয়) মাস বৃদ্ধিপূর্বক অর্থ্যাৎ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত নির্ধারণ করে প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাবের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হয়।

১০. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	দায়িত্বের মেয়াদকাল	
			আরম্ভ	সমাপ্তি
১.	জনাব এস.এ.কে মোঃ এনামুল কবীর হায়দার, প্রধান প্রকৌশলী	অতিরিক্ত দায়িত্ব	৩০/০৫/২০১২	৩১/১২/২০১৪ (পিআরএল)
২.	জনাব রঞ্জন সরকার, ডিজিএম	পূর্ণকালীন	১৭/০৫/২০১৬	প্রকল্পের মেয়াদ সমাপ্তি পর্যন্ত

১১. বছরভিত্তিক এডিপি/আরএডিপি বরাদ্দ এবং প্রকৃত অগ্রগতির তথ্যঃ

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	প্রকৃত অগ্রগতি			
	জিওবি	প্রঃসাঃ	মোট		জিওবি	প্রঃ সাঃ	মোট	বাস্তব (%)
২০১২-১৩	**৮২.১০**	-	**৮২.১০**	-	-	-	-	-
২০১২-১৩	**৩২২.৭০**	-	**৩২২.৭০**	**১০০.৪৪**	**১০০.৪৪**	-	**১০০.৪৪**	**৩.০৯%**
২০১৩-১৪	**১৩৫৩.৫০**	-	**১৩৫৩.৫০**	**১৯১.৮২**	**১৯১.৮২**	-	**১৯১.৮২**	**৫.৯০%**
২০১৪-১৫	**১৬৯৫.৩০**	-	**১৬৯৫.৩০**	**১৪৪১.৩৭**	**১৪৩০.৩০**	-	**১৪৩০.৩০**	**৪৩.৮৯%**
২০১৫-১৬	-	-	-	**৮৬৪.৩২**	**৮৬৪.৩২**	-	**৮৬৪.৩২**	**২৬.৫৩%**
২০১৬-১৭	-	-	-	**৭০০.০০**	**৬৭১.৭২**	-	**৬৭১.৭২**	**২০.৫৯%**
মোটঃ	**৩৪৫৩.৬০**	-	**৩৪৫৩.৬০**	**৩২৯৭.৯৫**	**৩২৫৮.৬১**	-	**৩২৫৮.৬১**	**১০০%**

১২. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	আরডিপিপি অনুযায়ী খাতওয়ারী বিবরণ	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		ক্রমপুঞ্জিত বাস্তবায়ন অগ্রগতি		মন্তব্য
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব						
১.	টেলিফোন বিল	থোক	০.২৫	থোক	-	পার্সোনাল মোবাইল ব্যবহার করা হয়েছে বিধায় ব্যয় হয়নি।
২.	ফুয়েল এন্ড পেট্রোল	থোক	১০.৫০	থোক	৯.৬৭	
৩.	স্টেশনারী	থোক	০.২৫	থোক	০.০৬	
৪.	পাবলিসিটি এন্ড এডভেরটাইজমেন্ট	থোক	৮.৫০	থোক	৭.১১	
৫.	এন্টারটেইনমেন্ট	থোক	১.০০	থোক	০.৪৬	
৬.	অন্যান্য	থোক	৯.০০	থোক	৩.৮২	
৭.	ভেহিকেল মেইনটেনেন্স	থোক	৫.০০	থোক	৮.৭১	
৮.	কম্পিউটার এন্ড অফিস ইকুইপমেন্ট	থোক	০.৩০	থোক	০.০০	
৯.	টেলিফোন ইকুইমেন্টস মেইনটেনেন্স	থোক	০.২০	থোক	০.০০	পার্সোনাল মোবাইল ব্যবহার করা হয়েছে বিধায় ব্যয় হয়নি।
উপ-মোট (রাজস্ব)			**৩৫.০০**		**২৯.৮৩**	
(খ) মূলধন						
১০.	মোটরগাড়ী ক্রয়	১ টি	৮০.৮০	১ টি	৮০.৮০	
১১.	সোলার প্যানেল	১ টি	৩২.২০	১ টি	৩২.২০	
১২.	লিফট	৩ টি	১২৩.৪০	৩ টি	১১৬.৪	
১৩.	ইলেকট্রিক সাব-স্টেশন	১	৭৭.০০	১	৭৪.৯৭	
১৪.	ফায়ার ফাইটিং	-	২৪.০০	-	১০.১৩	
১৫.	কম্পিউটার এন্ড কম্পিউটার হার্ডওয়্যার, অফিস ইকুইপমেন্ট, টেলিফোন সেট	৯ টি	২.৫০	৪ টি	১.০৩	
১৬.	কনস্ট্রাকশন অফ বিটিএমসি ভবন (৯ম তলা হতে ১২ তম তলা পর্যন্ত) এবং ১ টি বেজমেন্টসহ ৫ তলাবিশিষ্ট কার পার্কিং ভবন নির্মাণ	১০২৩৬ বঃমিঃ	২২৮৯.২০	১০২৩৬ বঃমিঃ	২২৪৭.৯৮	
১৭.	অর্নামেন্টাল ওয়ার্কস বিটিএমসি ভবন (গ্রাউন্ড ফ্লোর টু ১২ তলা)	৯৩০০ বঃমিঃ	৫৫৫.০০	৯৩০০ বঃমিঃ	৪৪৭.৫০	

ক্রঃ নং	আরডিপিপি অনুযায়ী খাতওয়ারী বিবরণ	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		ক্রমপুঞ্জিত বাস্তবায়ন অগ্রগতি		মন্তব্য
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	
১	২	৩	৪	৫	৬	৭
	এন্ড কার পার্কিং বিল্ডিং					
১৮.	ইলেকট্রিফিকেশন	-	১৫২.০০	-	১৫১.৯৭	
১৯.	আলোকসজ্জা	-	৩.০০	-	১.৬৭	
২০.	ওভার হেড ট্যাংক	১	১২.০০	১	৯.৩৩	
২১.	আন্ডার গ্রাউন্ড ট্যাংক	১	১৬.৫০	১	৫.৪০	
২২.	কনসালটেন্সি (কনস্ট্রাকশন অফ বিটিএমসি এন্ড কার পার্ক)	১০৯ জনমাস	৪১.০০	১০৯ জনমাস	৪০.৮৪	
২৩.	কনসালটেন্সি (অর্নামেন্টাল ওয়ার্কস অফ বিটিএমসি এন্ড কার পার্কিং)	১৭ জনমাস	১০.০০	১৭ জনমাস	৮.৫৬	
উপ-মোট (মূলধন)			**৩৪১৮.৬**		**৩২২৮.৭৮**	
সর্বমোট (রাজস্ব+ মূলধন)			**৩৪৫৩.৬০**		**৩২৫৮.৬১**	

১৩. পরিদর্শন পর্যবেক্ষণসহ সার্বিক পর্যবেক্ষণঃ

১৩.১ সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট উপপরিচালক (সামাজিক-৩) কর্তৃক গত ১০/০৭/২০১৮ তারিখে প্রকল্প এলাকার (কারওয়ান বাজার, ঢাকা) বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় আলোচ্য প্রকল্পের সর্বশেষ প্রকল্প পরিচালক এবং বিটিএমসি'র প্রাক্তন প্রধান প্রকৌশলী এবং বিএমটিসি'র সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

১৩.২ প্রকল্পের আওতায় বাস্তবায়িত এবং সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও পর্যবেক্ষণ নিম্নে প্রদত্ত হলঃ

ক. বিটিএমসি ভবনের ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং ১ টি বেজমেন্টসহ ৫ তলাবিশিষ্ট কার পার্কিং ভবন নির্মাণঃ

আলোচ্য প্রকল্পের আওতায় মোট ১০২৩৬ বঃমিঃ আয়তনের বিটিএমসি ভবনের ৯ম তলা হতে ১২ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ এবং ১ টি বেজমেন্টসহ ৫ তলাবিশিষ্ট কার পার্কিং ভবন নির্মাণ খাতে মোট ব্যয় প্রাক্কলন ধরা হয়েছে ২২৮৯.২০ লক্ষ টাকা যার মধ্যে পিসিআর-এর তথ্য অনুযায়ী ব্যয় করা হয়েছে মোট ২২৪৭.৯৮ লক্ষ টাকা। বিটিএমসি ভবন নির্মাণে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ ১৪১ ফুট উচ্চতার ছাড়পত্র/অনুমোদন প্রদান করার প্রেক্ষিতে এ উচ্চতায় বিটিএমসি'র বর্তমান ৮ তলা ভবনের ওপরে অতিরিক্ত ৪টি ফ্লোর নির্মাণ করা সম্ভব হবে মর্মে আলোচ্য প্রকল্পে সে অনুযায়ী সংস্থান রাখা হয়েছে।

প্রথমে ডিপিপি'তে ২টি বেজমেন্টসহ ৩ তলা কার পার্কিং ভবনের জন্য অনুমোদিত ছিল। পরবর্তীতে দেখা যায়, ২য় তলা বেজমেন্ট নির্মাণ খরচ ভূগর্ভের ওপরের ফ্লোর নির্মাণের খরচের তুলনায় অনেক বেশি এবং এ ক্ষেত্রে ভূগর্ভের উপর ৩ তলা এর স্থলে ৪ তলা কার পার্কিং নির্মাণের সুযোগ থাকায় তুলনামূলক কম খরচে ৫ তলা গ্যারেজ (১টি ভূগর্ভস্থ গ্যারেজসহ) নির্মাণের সংস্থান রেখে ডিপিপি সংশোধন করা হয় এবং সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত হয়।

খ. বিটিএমসি ভবনের অর্নামেন্টাল কাজ (গ্রাউন্ড প্লোর হতে ১২ তলা এবং কার পার্কি ভবন):

এ খাতে মোট ৫৫৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। অর্নামেন্টাল কাজের মধ্যে আরসিসি ও ব্রিক ওয়ার্ক ভাঙ্গার কাজ, ৫" ব্রিক ওয়ার্ক ভাঙ্গার কাজ, সিসি/ গ্ল্যাজড টাইলস এবং প্যাটেন্ট স্টোন ফিনিশিং ও আউটসাইড প্লাষ্টার, এ্যালুমিনিয়াম সান কন্ট্রোল সিস্টেম (সান লুভার), এ্যালুমিনিয়াম স্লাইডিং ও ফিক্সড উনন্ডো, কান্ট্রি মেড ওয়াল টাইলস ওয়ার্ক, কান্ট্রি মেড গ্ল্যাজড ফ্লোর টাইলস ওয়ার্ক, গ্রাউন্ড ফ্লোরে মার্বেল স্টোন, গ্রাউন্ড ফ্লোরের লিফটে/ এক্সটেরিওর ওয়ালস এ গ্রানাইট কাজ, ১০ মি.মি. টেম্পারড গ্লাস/ স্লাইডিং এবং ফিক্সড ডোর প্যাভমেন্ট টাইলস ওয়ার্কস, গার্ডেনিং কাজ ইত্যাদি অন্তর্ভূক্ত রয়েছে।

গ. কম্পিউটার এন্ড কম্পিউটার হার্ডওয়্যার, অফিস ইকুইপমেন্ট, টেলিফোন সেটঃ

আরডিপিপিতে বরাদ্দকৃত ৯টি কম্পিউটার এন্ড কম্পিউটার হার্ডওয়্যার, অফিস ইকুইপমেন্ট, টেলিফোন সেট সংগ্রহ খাতে ২.৫০ লক্ষ টাকার স্থলে ১.০৩ লক্ষ টাকা দিয়ে চাহিদা ও প্রয়োজন অনুযায়ী মোট ৪টি সেট সংগ্রহ করা হয়েছে মর্মে পিসিআর-এ উল্লেখ করা হয়েছে। বাকি অর্থ অব্যয়িত রয়ে গেছে।

ঘ. ফায়ার ফাইটিং:

প্রকল্পের আওতায় ফায়ার ফাইটিং খাতে মোট ২৪.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প মেয়াদের মধ্যে এ খাতে ১০.১৩ লক্ষ টাকা ব্যযের তথ্য পিসিআরে উল্লেখ করা হয়েছে। এত বড় আয়তনের নির্মিত ভবনের সুরক্ষা বিবেচনায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের চাহিদা অনুযায়ী অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখা বাঞ্চনীয়।

ঙ. যানবাহন সংগ্রহঃ

ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পের অওতায় পিআইইউ এর জন্য প্রগতি হতে ১টি জীপ গাড়ি (২০০০-৩০০০ সিসি) সংগ্রহ খাতে ৮০.৮০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। সে অনুযায়ী ১টি গাড়ি সংগ্রহ করা হয়েছে এবং বর্তমানে বিটিএমসি'র নিয়মিত কার্যক্রমে ব্যবহৃত হচ্ছে বলে জানা যায়।

চ. লিফট, সোলার প্যানেল ও ইলেকট্রিক সাব-স্টেশনঃ

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ৩টি লিফট সংগ্রহ খাতে ১২৩.৪০ লক্ষ টাকার সংস্থান ছিল। এর মধ্যে ব্যয় করা হয়েছে ১১৬.৪০ লক্ষ টাকা। ২টি লিফট বিটিএমসি ভবনে এবং ১টি লিফট কার পার্কিং ভবনে স্থাপন করা হয়েছে। এছাড়া সোলার প্যানেল এর জন্য আরডিপিপি'র সংস্থানকৃত ৩২.২০ লক্ষ টাকার সম্পূর্ণ অর্থ ব্যয় করা হয়েছে যার ধারণক্ষমতা ১৪ কিঃওয়াট। ইলেকট্রিক সাব স্টেশন নির্মাণে বরাদ্দকৃত ৭৭.০০ লক্ষ টাকার মধ্যে ৭৪.৯৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ ইলেকট্রিক সাব-স্টেশন কার পার্কিং ভবনে স্থাপন করা হয়।

ছ. অন্যান্যঃ

অনুমোদিত আরডিপিপিতে ইলেকট্রিফিকেশন খাতে ১৫২.০০ লক্ষ, লাইটং খাতে ৩.০০ লক্ষ, ওভারহেড ট্যাংক খাতে ১২.০০ লক্ষ এবং আন্ডার গ্রাউন্ড ট্যাংক খাতে ১৬.৫০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। পিসিআরে উল্লেখিত তথ্য অনুযায়ী ইলেকট্রিফিকেশন খাতে ১৫১.৯৭ লক্ষ , লাইটং খাতে ১.৬৭ লক্ষ, ওভারহেড ট্যাংক খাতে ৯.৩৩ লক্ষ এবং আন্ডার গ্রাউন্ড ট্যাংক খাতে ৫.৪০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এছাড়া বিটিএমসি ভবন এবং কার পার্কিং ভবন নির্মাণের নিমিত্ত ১০৯ জনমাসের জন্য পরামর্শক নিয়োগ খাতে বরাদ্দকৃত ৪১.০০ লক্ষ টাকার বিপরীতে ৪.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অপরদিকে, বিটিএমসি ভবন এবং কার পার্কিং ভবনের অর্নামেন্টাল কাজের জন্য পরামর্শক নিয়োগ (১৭ জনমাসের) খাতে ১০.০০ লক্ষ টাকার বিপরীতে ৮.৫৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৩.৩ প্রকল্পের আওতায় সম্পন্নকৃত ৩টি অডিটে আপত্তি রয়েছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ উল্লেখ করা হয়। উল্লেখ্য, প্রকল্পটি ডিসেম্বর'১৬ তে সমাপ্ত ঘোষণা করা হয়েছে। প্রকল্প সমাপ্তির প্রায় ১ (এক) বছর ৬ (ছয়) মাস অতিবাহিত হয়ে গেলেও এ বিষয়ে তেমন কোন ধনাত্নক (পজিটিভ) অগ্রগতি পরিলক্ষিত হয়নি। এ বিষয়ে বিটিএমসি হতে সর্বশেষ গত ০৯/০৭/২০১৮ তারিখে জবাব প্রেরণ করা হয় মর্মে উপস্থিত প্রধান প্রকৌশলী জানান। আলোচনার সময় এটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে নিবিড় তদারকি অব্যাহত রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।

১৩.৪ প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র ও বর্ণনাঃ




চিত্রঃ উর্ধ্বমুখী সম্প্রসারণসহ বিদ্যমান বিটিএমসি ভবনের একাংশ।




চিত্রঃ পরিদর্শনকালে প্রকল্পের প্রাক্তন প্রকল্প পরিচালকের সাথে।



চিত্রঃ বিটিএমসি ভবন সংলগ্ন কারপার্কিং ভবনের একাংশ।



চিত্রঃ কার পার্কিং ভবনে অবস্থানরত গাড়ির কিয়দংশ



চিত্রঃ বিটিএমসি ভবনের গ্রাউন্ড ফ্লোরের গ্রানাইট কাজ এবং লিফট।



চিত্রঃ নতুন নির্মিত প্রতি ফ্লোরের ভিতরের স্পেসের একাংশ।

১৪. প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
১. বিটিএমসি ভবনের পার্শ্বে ১২.৮৭ কাঠা খালি জায়গার সদ্ব্যবহার ;	১. আলোচ্য প্রকল্পের আওতায় বিটিএমসি ভবনের পার্শ্বে ১২.৮৭ কাঠা খালি জায়গায় ৫ তলা বিশিষ্ট গ্যারেজ নির্মাণ ও মূল ভবনের উপরে ৪ তলা সম্প্রসারণ করা হয়েছে।
২. ভবন ও গ্যারেজ ভাড়া প্রদানের মাধ্যমে আয় বৃদ্ধি করে অত্যাবশ্যকীয় ব্যয় মিটানোসহ বিভিন্ন প্রতিষ্ঠানের দায়-দেনা পরিশোধ ;	২. প্রকল্পটি ডিসেম্বর'২০১৬ তে সমাপ্ত হয়। বিটিএমসি ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের ফলে নতুনভাবে নির্মিত ৪ তলা ভবনের ৩ তলা এবং ৪ তলার অর্ধেক ভাড়া দেয়া হয়েছে এবং গ্যারেজও ভাড়া দেয়া হয়েছে। এসব প্রাপ্ত আয় হতে অত্যাবশ্যকীয় ব্যয় মিটানোসহ বিভিন্ন প্রতিষ্ঠানের দায়-দেনা পরিশোধ করা হচ্ছে মর্মে জানা যায়।
৩. অত্র এলাকায় গাড়ী পার্কিং এর সুযোগ সৃষ্টি; এবং	৩. ইতিঃমধ্যে গাড়ি পার্কিং এর সুযোগ সৃষ্টি হয়েছে এবং পার্কিং এরিয়া ভাড়া দেয়া হয়েছে।
৪. কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	৪. প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের জন্য কিছু লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছিল। মূলতঃ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রত্যক্ষভাবে কোন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়নি।

১৫. কাজ অসাপ্ত থাকলে উহার বিবরণঃ

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

১৬. পর্যবেক্ষণ ও সমস্যাঃ

১৬.১ প্রকল্পটি এপ্রিল,২০১২ হতে জুন,২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। কিন্তু যথাযথভাবে সম্ভব্যতা যাচাই পূর্বক পরিকল্পনা প্রণয়ন করা হয়নি বিধায় ২ (দুই) বছর ২ (দুই) মাসের প্রকল্পটি সমাপ্ত করতে আরও অতিরিক্ত ২ (দুই) বছর ৬(ছয়) মাস সময় প্রয়োজন হয়। এছাড়া প্রকল্পটি ডিসেম্বর,২০১৬ তে সমাপ্ত হলেও অদ্যাবধি উর্ধ্বমুখী সম্প্রসারণকৃত ৪ তলা ভবনের সম্পূর্ণভাবে ব্যবহার এখনোও আরম্ভ হয়নি। প্রকল্প সমাপ্তির অব্যাবহিত পরেই ভাড়া প্রদান করা সম্ভব হয়নি বিধায় প্রতিষ্ঠানের আয় বর্ধন খাতে এবং দায়-দেনা পরিশোধ খাতে লক্ষ্য অনুযায়ী অবদান রাখতে পারেনি।

১৬.২ আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে প্রথমে বিটিএমসি'র প্রধান প্রকৌশলীকে অতিরিক্ত দায়িত্বে নিয়োগ প্রদান করা হয়। কিন্তু প্রকল্প চলাকালীন সময়ে তিনি প্রায় ২ বছর ৭ মাস দায়িত্ব পালনের পর ৩১/১২/২০১৪ তারিখে অবসরে যান। এরপর দীর্ঘ প্রায় ১ বছর ৫ মাস কোন প্রকল্প পরিচালক ছিলেন না। পরবর্তীতে ১৭/০৫/২০১৬ তারিখে বিটিএমসি'র ডিজিএম-কে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রদান করা হয় এবং তার তত্ত্বাবধানে প্রকল্পটি সমাপ্ত হয়। এক্ষেত্রে প্রকল্পের মেয়াদকালের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্প পরিচালক নিয়োগ না করায় এবং দীর্ঘদিন প্রকল্প পরিচালক নিয়োগ না করায় প্রকল্পের বাস্তবায়ন কাজ প্রলম্বিত হয়েছে।

১৬.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত ৩টি অডিটে আপত্তি রয়েছে। অডিট আপত্তিগুলো নিষ্পত্তির কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ উল্লেখ করা হয়। উল্লেখ্য, প্রকল্পটি ডিসেম্বর'১৬ তে সমাপ্ত ঘোষণা করা হয়েছে। প্রকল্প সমাপ্তির প্রায় ১ (এক) বছর ৬ (ছয়) মাস অতিবাহিত হয়ে গেলেও এ বিষয়ে তেমন কোন পজিটিভ অগ্রগতি পরিলক্ষিত হয়নি।

১৬.৪ প্রকল্পের অংগভিত্তিক ব্যয় পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, যানবাহন রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দকৃত ৫.০০ লক্ষ টাকার অতিরিক্ত ৩.৭১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা পরিকল্পনা শৃঙ্খলা পরিপন্থী। এ খাতে বেশি ব্যয় করার কারণ/ব্যাখ্যা/যৌক্তিকতা এবং বিষয়োক্ত পর্যবেক্ষণের ওপর গৃহীত ব্যবস্থা/পদক্ষেপ (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

১৬.৫ প্রকল্পের আওতায় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট সংগ্রহ খাতে সংস্থানকৃত ২৪.০০ লক্ষ টাকার পরিবর্তে ১০.১৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পটি নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হলেও ভবনের আকার ও অবস্থানের কারণে বিটিএমসি ভবন ও কার পার্কিং ভবনের সুরক্ষা বিবেচনায় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের ওপর বিশেষ জোর দিতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অত্যাবশ্যকীয় করণীয় ও ইক্যুইপমেন্টের বিষয়ে পরামর্শ নিয়ে সে অনুযায়ী অগ্রাধিকারভিত্তিতে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

১৬.৬ অনুমোদিত আরডিপিপিতে উপস্থাপিত তথ্য অনুযায়ী বিটিএমসি ভবনে নতুনভাবে নির্মিত ৪টি ফ্লোরের প্রতি ফ্লোরের আয়তন ১৬৮০.২৫ বঃমিঃ। কিন্তু প্রতি ফ্লোরের ভাড়াযোগ্য আয়তন ১৩৯৪ বঃমিঃ হিসেবে মোট ৫৫৭৬ বঃমিঃ এর প্রতি বঃমিঃ এর ভাড়া ৮১০/- টাকা হিসেবে ১ম ৫ বছরে আয় ধরা হয়েছে ৫৪২.০০ লক্ষ টাকা। আর ১টি বেজমেন্টসহ ৫ তলাবিশিষ্ট গ্যারেজের স্পেস অনুযায়ী মোট ১১০টি কার পার্কিং এর সুবিধার সংস্থান করার কথা আরডিপিপিতে উল্লেখ রয়েছে। কিন্তু বাস্তবে পরিলক্ষিত হয়, ইলেকট্রিক সাব স্টেশন নির্মাণ, গাড়ি চালকদের বিশ্রামাগার, নামাজের ঘর এবং কিছু অংশ ভাড়া দেয়া ইত্যাদির সংস্থান রাখায় গাড়ি পার্কিং এর সুবিধা অনেক কমে গিয়েছে। বর্তমানে অনুমানিক প্রায় ৮০টি গাড়ি রাখা যায় মর্মে উপস্থিত প্রাক্তন ও বর্তমান প্রধান প্রকৌশলী জানান। এর মধ্যে বিটিএমসি'র নিজস্ব ব্যবহারের জন্য ২০টি গাড়ি পার্কিং এর সুবিধা রাখা হয়েছে। কিন্তু অনুমোদিত ডিপিপিতে আয়ের

হিসেবে ১০০টি গাড়ি প্রতিটির ভাড়া ৫০০০/- হিসেবে এ খাতে আয় দেখানো হয়েছে ৬০.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের ফলে ১ম ৫ (পাঁচ)বছরে মোট আয় ৬০২.০০ লক্ষ টাকা এবং বাৎসরিক ব্যয় দেখানো হয়েছে ৫০.০০ লক্ষ টাকা। এ হিসাব অনুযায়ী বাৎসরিক নীট আয় হওয়ার কথা ৬৪.৪০ লক্ষ টাকা। প্রকল্প সমাপ্তির অব্যাবহিত পরেই ভাড়া প্রদান করা সম্ভব হয়নি বিধায় প্রতিষ্ঠানের আয় বর্ধন খাতে লক্ষ্য অনুযায়ী অবদান রাখতে পারেনি। তবে বর্তমানে প্রকল্পের আওতায় নতুনভাবে নির্মিত বিটিএমসি ভবনের সম্প্রসারণকৃত ৪টি ফ্লোরের প্রায় সবটাই (টপ ফ্লোরের অর্ধেক বাদে) ভাড়া হয়ে গেছে এবং কার পার্কিং ভবনও ভাড়া হয়ে গেছে। মূলতঃ ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামো হতে আয় বর্ধনের সুযোগ পুরোদমে সৃষ্টি হবে এবং অর্জিত আয় হতে এ প্রতিষ্ঠানের দায়-দেনা পরিশোধেও অবদান রাখতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

??. ????????

১৭.১ যথাযথভাবে সম্ভব্যতা যাচাইপূর্বক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের অভাবে ২ বছর ২ মাসে বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্পটি সমাপ্ত করতে আরও অতিরিক্ত ২ বছর ৬ মাস সময় প্রয়োজন হয়। প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বিলম্বের কারণে প্রকল্প হতে উপযোগিতা প্রাপ্তিও বিলম্বিত হয়েছে। এছাড়া প্রকল্পটি ডিসেম্বর,২০১৬ তে সমাপ্ত হলেও অদ্যাবধি উর্ধ্বমুখী সম্প্রসারণকৃত ৪ তলা ভবনের সম্পূর্ণভাবে ব্যবহার এখনোও আরম্ভ হয়নি। প্রকল্প সমাপ্তির অব্যাবহিত পরেই ভাড়া প্রদান করা সম্ভব হয়নি বিধায় বাস্তবায়িত প্রকল্পটি প্রতিষ্ঠানের আয় বর্ধন খাতে এবং প্রতিষ্ঠানের দায়-দেনা পরিশোধ খাতে লক্ষ্য অনুযায়ী উল্লেখযোগ্য অবদান রাখতে পারেনি। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের সময় এ বিষয়গুলো বিবেচনা করা প্রয়োজন।

১৭.২ প্রকল্পের মেয়াদকালের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্প পরিচালক নিয়োগ না করায় এবং দীর্ঘদিন প্রকল্প পরিচালক নিয়োগ না করায় প্রকল্পের বাস্তবায়ন কাজ প্রলম্বিত হয়েছে। ভবিষ্যতে প্রকল্প মেয়াদকালের জন্য প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী অনুসরণীয় বিষয়গুলো বিবেচনা করতে হবে (অনু ১৬.২) ।

১৭.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত ৩টি অডিটে উপস্থাপিত আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনু ১৬.৩) ।

১৭.৪ পিসিআর এর তথ্য অনুযায়ী যানবাহন রক্ষণাবেক্ষণ খাতে বরাদ্দকৃত ৫.০০ লক্ষ টাকার অতিরিক্ত ৩.৭১ লক্ষ টাকা বেশি ব্যয় করার কারণ/ব্যাখ্যা/যৌক্তিকতা এবং বিষয়োক্ত পর্যবেক্ষণের ওপর গৃহীত ব্যবস্থা/পদক্ষেপ (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে (অনু ১৬.৪) ।

১৭.৫ বিটিএমসি ভবন ও কার পার্কিং ভবনের অবস্থানের কারণে এগুলোর সুরক্ষা বিবেচনায় ফায়ার ফাইটিং এর বিষয়ে সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অত্যাবশ্যকীয় করণীয় ও ইক্যুইপমেন্টের বিষয়ে পরামর্শ গ্রহণপূর্বক সে অনুযায়ী অগ্রাধিকারভিত্তিতে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনু ১৬.৫) ।

১৭.৬ বিটিএমসি ভবন ও কার পার্কিং ভবনের স্বল্পতম সময়ে সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানের আয় বর্ধনের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে জোর তদারকি অব্যাহত/বৃদ্ধি করতে হবে এবং

১৭.৭ উপরোল্লিখিত সুপারিশ উপানুচ্ছেদসমূহ (১৭.১-১৭.৬) এর আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাবলী আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-কে অবহিত করতে হবে।

বেগমগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউটকে বেগমগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্তি : জুন, ২০১৭

১। প্রকল্পের অবস্থান : বেগমগঞ্জ উপজেলা, নোয়াখালী।

২। বাস্তবায়নকারী সংস্থা : বস্ত্র অধিদপ্তর

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪০৩২.৯৭	৪৩৩৪.৮২	৩৯৮৪.৬৭	জুলাই, ২০১০ হতে জুন, ২০১২ (২৪ মাস)	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭ (৮৪ মাস)	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭ (৮৪ মাস)	প্রকৃত ব্যয় মূল অনুমোদিত ব্যয়কে অতিক্রম করেনি	৬০ মাস (২৫০%)

৫। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন :

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬
১	অফিসারদের বেতন	২	৫০.২৩	২	৪৬.৬১
২	স্টাফদের বেতন	২	১৭.৬৪	২	১৭.৩৭
৩	স্টাফদের প্রশিক্ষণ	১৪	০.৪১	১৪	০.৪১
৪	ভ্রমন ভাতা	থোক	৯.৮৯	থোক	৯.৮৭
৫	টেলিফোন ও ইন্টারকম	থোক	১.৩২	থোক	১.১৫
৬	ইন্টারনেট সংযোগ	থোক	১.৭০	থোক	১.৬৭
৭	বিদ্যুৎ ও জ্বালানী	থোক	৮.৫০	থোক	৭.৭২
৮	তেল ও লুব্রিকেন্ট	থোক	০.৬৪	থোক	০.৬৩
৯	স্টেশনারী	থোক	১০.৫৪	থোক	১০.৫৩
১০	বই ও জার্নাল	২৪০০	২৫.৩২		২৫.৩০
১১	বিজ্ঞাপন	থোক	৬.৩৫	থোক	৪.৭৫
১২	প্রকাশনা	থোক	০	থোক	০
১৩	কাঁচামাল	থোক	১০.০০	থোক	৯.৯৯
১৪	অতিথি শিক্ষকদের সম্মানী	থোক	১২৩.৬৮	থোক	১২৩.৬৭
১৫	মধ্যবর্তী মূল্যায়ন কমিটির সম্মানী	থোক	২.৫০	থোক	০
১৬	বিভিন্ন কমিটির সম্মানী	থোক	৩.০০	থোক	২.৪৭
১৭	এফিলিয়েশন ফি	থোক	০	থোক	০

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬
১৮	সিলেবাস ও কারিকুলাম	থোক	০.২৫	থোক	০.২৫
১৯	বস্ত্র অধিদপ্তরের ডিজিটালাইজেশন	থোক	৭.৮১	থোক	৭.৮১
২০	প্রকল্প পরিচালকের অফিস	থোক	২৫.০০	থোক	২৪.৯৯
২১	যানবাহনের ফিটনেস সার্টিফিকেট	থোক	০.০০	থোক	০
২২	নবনির্মিত মাল্টিপারপাস বিল্ডিংয়ে বিদ্যামান যন্ত্রপাতি স্থাপন	থোক	৭.০০	থোক	৪.৫০
২৩	যানবাহন রক্ষণাবেক্ষণ	থোক	৪.৬২	থোক	৪.৬১
২৪	আসবাবপত্র মেরামত	থোক	২.০০	থোক	১.৯৯
২৫	কম্পিউটার মেরামত	থোক	৪.০৩	থোক	৪.০২
২৬	যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ	থোক	৯.০০	থোক	৮.৯৮
২৭	শিক্ষার্থীদের বৃত্তি প্রদান	১০৮০	৩০.২৪	১০৮০	৩০.২৩
২৮	যন্ত্রপাতি	১৫৩	৯০০.৭৬	১৪০	৬৫৪.৫৯
২৯	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	৮৮	৩৫.৩৩	৮৮	৩৫.৩২
৩০	ওয়েব পেইজ তৈরিকরণ	১	৫.০০	১	৪.৭৫
৩১	টেলিকম যন্ত্রপাতি	১	৮.০০	১	৭.৯৯
৩২	আসবাবপত্র	২০৭১	১২৮.৬০	২০৭১	১২৮.৫৪
৩৩	৩১৫ কেভিএ সাবস্টেশন এবং বহি:বিদ্যুতায়ন	-	৬৬.০০	-	৬৬.০০
৩৪	পানি সরবরাহ ব্যবস্থা	-	১৯.০০	-	১৯.০০
৩৫	পূর্তকাজ	-	২৭৬৮.৮৬	-	২৭১৮.৮৮
৩৬	কন্টিনজেন্সি	-	৪১.৬১	-	০
মোট		-	**৪৩৩৪.৮২**	**-**	**৩৯৮৪.৬৭**

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১। প্রকল্পের পটভূমি :

বেগমগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট ১৯১৮ সালে আর্টিজান কোর্স সুবিধা নিয়ে বয়ন বিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠা লাভ করে ।এ বয়ন বিদ্যালয় ১৯৬০ সালে জেলা বয়ন বিদ্যালয় হিসেবে উন্নীত হয় এবং ১৯৮০ সালে টেক্সটাইল টেকনোলজি বিষয়ে ২ বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স নিয়ে জেলা টেক্সটাইল ইনস্টিটিউট এ উন্নীত হয়।১৯৯৩-৯৪ সালে টেক্সটাইল টেকনোলজি বিষয়ে ৩বছর মেয়াদী কোর্স চালু করে বেগমগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট এ উন্নীত হয়। কোর্সটি পরবর্তীতে ২০০২ সালে অন্যান্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের মত ৩ বছর হতে ৪ বছরে সম্পসারণ করা হয়। বয়ন বিদ্যালয় হতে টেক্সটাইল ইনস্টিটিউট এ রূপান্তরের এ কাজ বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় করা হয়।

পর্যাপ্ত কারিগরি জ্ঞানসম্পন্ন মানবসম্পদ তৈরির জন্য টেক্সটাইল সাবসেক্টর এবং সরকারে নীতিমালা পূরণের লক্ষ্যে গ্র্যাজুয়েট টেক্সটাইল ইঞ্জিনিয়ারদের শিক্ষার মান বৃদ্ধি করা প্রয়োজন যা কেবল ইনস্টিটিউটটির মানোন্নয়নের মাধ্যমেই সম্ভব। তাই সরকার বেগমগঞ্জটেক্সটাইলইনস্টিটিউটকেবেগমগঞ্জটেক্সটাইলইঞ্জিনিয়ারিংকলেজেউন্নীতকরণের সিদ্ধান্ত গ্রহণ করে। এ পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৭.২। প্রকল্পের উদ্দেশ্য :

৭.২.১ দেশে ও বিদেশে সংশ্লিষ্ট কারখানায় এবং বিভিন্ন টেক্সটাইল সাবসেক্টরে এক্সিকিউটিভ লেভেলের টেক্সটাইল ইঞ্জিনিয়ার সরবরাহ করা।

৭.২.২ শিক্ষকদের টেকনিক্যাল সক্ষমতা বৃদ্ধি করা

৭.২.৩ দারিদ্র নিরসন এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

৭.২.৪ দক্ষ মানব সম্পদের উন্নয়নের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণে অবদান রাখা

৭.৩। অনুমোদন পর্যায় :

	বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ
মূল	জুলাই, ২০১০ হতে জুন, ২০১২	১৩/০৪/২০১০
১ম সংশোধিত	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৫	২৬/১১/২০১৫
২য় সংশোধিত	জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭	২৩/০৫/২০১৭

৭.৪। প্রকল্পের মূল কার্যক্রম :

*সিলেবাস ও কারিকুলামের উন্নয়ন
* যন্ত্রপাতি সরবরাহকরণ
* কম্পিউটার ও অফিস সরঞ্জাম সরবরাহকরণ
* একাডেমিক ভবন, মাল্টিপারপাস ভবন, ওয়ার্কশপ ভবন নির্মাণ
*বয়লার শেড ও ডায়িং শেড নির্মাণ
* শিক্ষার্থীদের বৃত্তি প্রদান
* ওয়েব পেইজ তৈরিকরণ
* রেইনফল ওয়াটার রিজার্ভয়র ও ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট
প্লান্ট নির্মাণ
*১৫০ আসনের শিক্ষার্থী হোস্টেল নির্মাণ
*প্রশিক্ষণ প্রদান

৭.৫। প্রকল্প বাস্তবায়ন: প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন-

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	দয়িত্বের ধরন
১	জনাব নুরুল আমিন, উপসচিব	০৫/১০/২০১০	২৯/০৫/২০১২	পূর্ণকালীন
২	জনাব সরদার মো: সোয়েব, উপসচিব	০৭/০৬/২০১২	২৫/০৯/২০১৪	পূর্ণকালীন
৩	আবু সিনা মো: রুকনুল কাদের, সহযোগী অধ্যাপক	২৫/০৯/২০১৪	৩০/০৬/২০১৭	অতিরিক্ত দায়িত্ব

৭.৬। মূল্যায়ন পদ্ধতি: মূল্যায়নের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরন করা হয়েছে-

ক. ডিপিপি পর্যালোচনা;
খ. পিসিআর পর্যালোচনা;
গ. পিসিআর প্রাপ্তির পর সরেজমিন পরিদর্শন; এবং
ঘ. প্রাপ্ত তথ্য সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। প্রকল্প পরিদর্শন:

সমাপ্তি মূল্যায়নের লক্ষ্যে ০৪/০৯/২০১৮ তারিখে আলোচ্য প্রকল্পটি আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়। এজন্য প্রকল্প বাস্তবায়ন এলাকা নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় অবস্থিত বেগমগঞ্জটেক্সটাইলইঞ্জিনিয়ারিংকলেজ সরেজমিন পরিদর্শন করা হয়। পরিবীক্ষণকালে প্রকল্প পরিচালক ও অন্যান্য কর্মকর্তার সাথে আলোচনা করা হয়, নির্মিত ভবন ও ক্রয়কৃত যন্ত্রপাতি এবং প্রকল্প সংশ্লিষ্ট নথি পর্যবেক্ষণ করে বিভিন্ন তথ্য যাচাই করা হয়। পর্যবেক্ষনের ভিত্তিতে কিছু অঙ্গের বর্ণনা নিচে দেয়া হল-

সিলেবাস ও কারিকুলাম: বেগমগঞ্জটেক্সটাইলইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটকে কলেজে উন্নীত করার পূর্বে এর নিজস্ব কারিকুলাম অনুসারে পাঠ্যক্রম পরিচালনা করা হত। এটিকে কলেজে উন্নীত করার পর থেকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম অনুসরণ করা হচ্ছে বলে জানা যায়।

পূর্ত কাজ: প্রকল্পের আওতায় একাডেমিক ভবন, মাল্টিপারপাস ভবন, ১৫০ আসনের হোস্টেল ভবন, ওয়াকশপ ভবন, ডাইং শেড, বয়লার হাউজ, পাম্প হাউজ, গার্ড শেড, রেইনফল ওয়াটার রিজার্ভয়র, বাউন্ডারি ওয়াল, ৩১৫ কেভিএ ক্ষমতসম্পন্ন সাব-স্টেশন, ডরমিটরির উর্ধ্বমূখী সম্প্রসারণ ইত্যাদি পূর্ত কাজ করা হয়। পরিবীক্ষণকালে সকল পূর্তকাজ ঘুরে দেখা হয়। তবে ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের সংস্থান থাকলেও পরিবীক্ষণকালে এর অস্তিত্ব পরিলক্ষিত হয়নি। তাছাড়া একটি বয়লার হাউজ নির্মাণ করা হলেও তা মসজিদ হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত ০.৫ টন ক্ষমতার বয়লার মেশিনটি ডায়িং শেড এ স্থাপন করা হয়েছে।

স্টাইপেন্ড প্রদান: প্রকল্পের আওতায় ১০৮০ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। প্রতি শিক্ষার্থীকে এক শিক্ষাবর্ষে ১৮০০ টাকা হারে প্রদান করা হয়। বৃত্তি প্রদান করা হয় ফলাফলের ভিত্তিতে। ৬৫% নম্বর অর্জনকারী শিক্ষার্থীকে বৃত্তি পাওয়ার যোগ্য বিবেচনা করা হয়েছে বলে জানা যায়। বৃত্তি প্রদান সংশ্লিষ্ট রেজিস্টার পর্যবেক্ষণে দেখা যায় তাতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের স্বাক্ষরগ্রহণপূর্বক বৃত্তি প্রদান করা হয়েছে।

ওয়েবসাইট তৈরিকরণ: প্রকল্পের আওতায় কলেজের একটি নিজস্ব ওয়েবসাইট তৈরি করা হয়েছে। তবে ওয়েবসাইট পর্যবেক্ষণে তা নিয়মিত হালনাগাদ করা হয়না বলে পরিলক্ষিত হয়েছে।

যন্ত্রপাতি/মিশিন সরবরাহকরণ:প্রকল্পের আওতায় বিভিন্ন কোর্স পরিচালনার জন্য ১৪০টি যন্ত্রপাতি সরবরাহ করা হয়। যার মধ্যে ইয়ার্ন ম্যানুফেক্চারিং কোর্সের জন্য ১টি, ফেব্রিক ম্যানুফেক্চারিং কোর্সের জন্য ১৭টি, ওয়েট প্রসেসিং কোর্সের জন্য ১৮টি, ক্লদিং কোর্সের জন্য ৯টি, নিটিং কোর্সের জন্য ৫টি, টেক্সটাইল টেস্টিং এবং কোয়ালিটি কন্ট্রোল কোর্সের জন্য ৩৯টি, ফ্যাশন এন্ড ডিজাইন কোর্সের জন্য ৩৫টি, ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এর জন্য ২৬টি বিভিন্ন ধরনের যন্ত্রপাতি সরবরাহ করা হয়।

৯। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন : প্রকল্পের পিসিআর অনুযায়ী প্রকল্পের প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন নিম্নরূপ-

ক্রমিক	উদ্দেশ্য	অর্জন
১	দেশে ও বিদেশে সংশ্লিষ্ট কারখানায় এবং বিভিন্নটেক্সটাইল সাবসেক্টরে এক্সিকিউটিভ লেভেলের টেক্সটাইল ইঞ্জিনিয়ার সরবরাহ করা।	বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং লেভেলে ২৭৬ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে যারা এবং বিভিন্ন টেক্সটাইল সাবসেক্টর এবং সংশ্লিষ্ট কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ লাভ করেছে। এ কার্যক্রম চলমান রয়েছে।
২	শিক্ষকদের টেকনিক্যাল সক্ষমতা বৃদ্ধি করা	শিক্ষকগণ এ প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন যার ফলে শিক্ষকদের টেকনিক্যাল সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।
৩	দারিদ্র নিরসন এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা	প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র নিরসন এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে
৪	দক্ষ মানব সম্পদের উন্নয়নের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণে অবদান রাখা	দক্ষ মানব সম্পদের উন্নয়ন ঘটেছে যা দারিদ্র হ্রাসকরণে অবদান রাখছে।

১০। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ : প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১১। মন্ত্রণালয় ও অধিদপ্তর কর্তৃক তদারকি :

কর্মকর্তার নাম, পদবি	সংস্থা	পরিদর্শনের তারিখ
জনাব ফরিদ উদ্দিন আহমেদ চৌধূরী, সচিব	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	২০/০৭/২০১৫
জনাব মো: ইসমাইল, পরিচালক	বস্ত্র অধিদপ্তর	০৬/০৩/২০১৫
		১৬/০৪/২০১৬
		১৪/০৩/২০১৭
জনাব আব্দুর মতিন, উপ-প্রধান	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	১৬/০৪/২০১৬

১২। অডিট : (প্রাপ্ত পিসিআর অনুযায়ী)

১২.১। ইন্টারনাল অডিট : ২০১৫-১৬ অর্থবছরের ইন্টারনাল অডিট সম্পাদিত হয়েছে।
১২.২। এক্সটার্নাল অডিট : ২০১০-১১ এবং ২০১৩-১৪ অর্থবছরের এক্সটার্নাল অডিট সম্পাদিত হয়েছে।

১৩। প্রকল্পের আওতায় গৃহীত ক্রয় কার্যক্রম :

প্রকল্পের আওতায় নানাবিধ ক্রয় কার্যক্রম পরিচালনা করা হয়। ১কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে ২০৭১টি ফার্নিচার ক্রয় করা হয়। এছাড়া ৫ কোটি ৭৯ লক্ষ টাকা ব্যয়ে মোট ১৪০টি বিভিন্ন ধরনের মিশিনারি ক্রয় করা হয়। যার মধ্যে উল্লেখযোগ্য হলে ১ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয়ে ৩১টি টেক্সটাইল টেস্টিং ও কোয়ালিটি কন্ট্রোল মেশিন, ২ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয়ে ১৭টি ওয়েট প্রসেসিং মেশিন, ১ কোটি ১৯ লক্ষ টাকা ব্যয়ে ৫টি নিটিং মেশিন, ৫০ লক্ষ টাকা ব্যয়ে ৯টি ক্লদিং মেশিন ক্রয়।
এছাড়া ৮ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয়ে ১৫০ আসনের স্টুডেন্ট হোস্টেল, ২ কোটি ৭০ লক্ষ টাকা ব্যয়ে একাডেমিক ভবন, ২ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয়ে ডায়িং শেড, ১ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যয়ে ওয়ার্কশপ ভবন এবং ৭ কোটি ৮২ লক্ষ টাকা ব্যয়ে মাল্টিপারপাস ভবন কার্য ক্রয় করা হয়।

১৪। **সমস্যা:** প্রকল্পের পিসিআর পর্যবেক্ষণ এবং প্রকল্পটি পরিবীক্ষণ নিম্নোক্ত সমস্যা বা ত্রুটি পরিলক্ষিত হয়েছে-

১৪.১ প্রকল্পটি সমাপ্ত হয়েছে জুন, ২০১৭ মাসে। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে তা ১৮/০২/২০১৮ তারিখে অর্থাৎ ৬ মাস পর প্রেরণ করা হয়;

১৪.২ প্রকল্পের আওতায় বেগমগঞ্জটেক্সটাইলইনস্টিটিউটকেবেগমগঞ্জটেক্সটাইলইঞ্জিনিয়ারিংকলেজেউন্নীতকরণ করা হলেও প্রতিষ্ঠানটিতে পাঠদানের জন্য পর্যাপ্ত শিক্ষক নেই। প্রকল্প পরিচালক ও উক্ত কলেজের সহযোগী অধ্যাপক কর্তৃক সরবরাহকৃত তথ্যমতে প্রতিষ্ঠানটিতে অনুমোদিত পদের বিপরীতে নিম্নোক্ত পদ শূন্য রয়েছে-
অধ্যাপক (কারিগরি) ১টি পদের বিপরীতে ১টি, সহকারি অধ্যাপক (মেকানিক্যাল) ১টি পদের বিপরীতে ১টি , চীফ ইন্সট্রাকটর (কারিগরি) ৩টি পদের বিপরীতে ৩টি, প্রভাষক (কারিগরি) ৭টি পদের বিপরীতে ৪টি, ফিজিক্যাল ইন্সট্রাকটর ১টি পদের বিপরীতে ১টি। বিভিন্ন প্রতিষ্ঠান হতে শিক্ষক এনে এসকল বিষয়ের পাঠ্যক্রম পরিচালনা করা হয়;

১৪.৩ প্রকল্পের আওতায় ১০ লক্ষ টাকা ব্যয়ে একটি ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের সংস্থান রয়েছে। এ বাবদ ৬.২০ লক্ষ টাকা ব্যয় দেখানো হলেও পরিবীক্ষণকালে দেখা যায় ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ করা হয়নি;

১৪.৪ প্রকল্পের আওতায় একটি রেইনফল ওয়াটার রিজার্ভয়র নির্মাণ করা হয়েছে। আনুমানিক ৫০ গজ দূরে অবস্থিত একাডেমিক ভবনের ছাদে পতিত বৃষ্টির পানি এ রিজার্ভয়রে সংরক্ষণ করার কথা থাকলেও পরিবীক্ষণকালে জানা যায় রিজার্ভয়রটি ব্যবহৃত হচ্ছে না। প্রকল্প পরিচালক জানান স্থানীয় পৌরসভা হতে সরবরাহকৃত পানি দ্বারা কলেজের পানির চাহিদা মেটানো হয়। মিনারেল ওয়াটার ব্যবহারের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে রেইনফল ওয়াটার রিজার্ভয়র নির্মাণ করা হয়ে থাকে। কিন্তু রিজার্ভয়রটি ব্যবহৃত না হওয়ার ফলে এ লক্ষ্য বাস্তবায়িত হচ্ছে না।

১৪.৫ প্রকল্পের আওতায় সরবরাহকৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম সংবলিত স্টিকার লাগানো নেই। ফলে যন্ত্রপাতিগুলো এ প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে কিনা তা তাৎক্ষনিকভাবে নির্ণয় করা যায়না;

১৪.৬ সমগ্র বাস্তবায়নকালে (৭টি অর্থবছরে) প্রকল্পটি বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক দুইবার এবং বস্ত্র অধিদপ্তর কর্তৃক একবার পরিদর্শন করা হয়। মন্ত্রণালয় ও অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি যথাযথভাবে তদারকি করা হয়নি মর্মে প্রতীয়মান হচ্ছে;

১৪.৭ পিসিআর অনুযায়ী প্রকল্পটির ২০১০-১১ এবং ২০১৩-১৪ অর্থবছরের আর্থিক কার্যক্রমের এক্সটার্নাল অডিট সম্পাদিত হয়েছে। প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়। সেমতে প্রকল্পটির আর্থিক কার্যক্রমের ২০১০-১১, ২০১১-১২,২০১২-১৩, ২০১৩-১৪ ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং২০১৬-১৭ অর্থবছরের অডিট করা প্রয়োজন। কিন্তু ২০১১-১২, ২০১২-১৩, ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং২০১৬-১৭ অর্থবছরের অর্থাৎ ৫টি অর্থবছরের এক্সটার্নাল অডিট এখনও বাকি রয়েছে;

১৪.৮ প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ৪৩৩৪.৮২ লক্ষ টাকা এবং মোট ব্যয় হয়েছে ৩৯৮৪.৬৬ লক্ষ টাকা যা মোট অনুমোদিত ব্যয়ের ৯৬.৬৭%। প্রকল্পটি বাস্তবায়ন পরবর্তী ৩৫০.১৬ লক্ষ টাকা অব্যয়িত রয়ে গেছে। এ অব্যয়িত টাকা সরকারি কোষাগারে জমাদান এখনও সম্পন্ন হয়নি তবে প্রক্রিয়াধীন রয়েছে বলে জানা যায়;

১৪.৯ কলেজের জন্য একটি ওয়েবসাইট তৈরি করা হলেও পর্যবেক্ষণে দেখা যায় তা নিয়মিত হালনাগাদ করা হয়না।

১৫। আইএমইডির মতামত :

১৫.১ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে তা ৬ মাস পর প্রেরণ করা হয়। ভবিষ্যতে যেকোন সমাপ্ত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিষয়ে মন্ত্রণালয় সচেষ্ট থাকবে;

১৫.২ প্রকল্পের আওতায় বেগমগঞ্জটেক্সটাইলইনস্টিটিউটকেবেগমগঞ্জটেক্সটাইলইঞ্জিনিয়ারিংকলেজেউন্নীতকরণ করা হলেও প্রতিষ্ঠানটিতে পাঠদানের জন্য পর্যাপ্ত শিক্ষক নেই। ফলে শিক্ষার্থীরা উন্নীতকরণের সুফল হতে বঞ্চিত হচ্ছে। কলেজের শিক্ষক সংকট কাটিয়ে তোলার জন্য কার্যকর পদক্ষেপ নেয়া প্রয়োজন;

১৫.৩ প্রকল্পের আওতায় ১০ লক্ষ টাকা ব্যয়ে একটি ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের সংস্থান রয়েছে। এ বাবদ ৬.২০ লক্ষ টাকা ব্যয় দেখানো হলেও পরিবীক্ষণকালে দেখা যায় ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ করা হয়নি। ওয়েস্ট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কেন নির্মাণ করা হয়নি এবং এটি নির্মাণ করা না হলেও এ বাবদ কেন ব্যয় দেখানো হল প্রশাসনিক মন্ত্রণালয় তা খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৫.৪ মিনারেল ওয়াটার ব্যবহারের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে রেইনফল ওয়াটার রিজার্ভয়র নির্মাণ করা হয়ে থাকে। কিন্তু রিজার্ভয়রটি ব্যবহৃত না হওয়ার ফলে এ লক্ষ্য বাস্তবায়িত হচ্ছে না। তাই রিজার্ভয়রটি ব্যবহারের জন্য নির্দেশনা প্রদাণ করতে হবে;

১৫.৫ প্রকল্পের আওতায় সরবরাহকৃত যন্ত্রপাতি ও আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম সংবলিত স্টিকার লাগানো নেই। ফলে যন্ত্রপাতিগুলো এ প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে কিনা তা তাৎক্ষনিকভাবে নির্ণয় করা যায়না। প্রকল্পের আওতায় সরবরাহকৃত প্রতিটি যন্ত্র ও আসবাবপত্রের গায়ে প্রকল্পের নাম সংবলিত স্টিকার লাগানো প্রয়োজন;

১৫.৬ সমগ্র বাস্তবায়নকালে (৭টি অর্থবছরে) প্রকল্পটি বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক দুইবার এবং বস্ত্র অধিদপ্তর কর্তৃক একবার পরিদর্শন করা হয়। মন্ত্রণালয় ও অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি যথাযথভাবে তদারকি করা হয়নি মর্মে প্রতীয়মান হচ্ছে। প্রকল্পটি যথাযথভাবে তদারকি না করার কারণ খতিয়ে দেখা প্রয়োজন;

১৫.৭ পিসিআর অনুযায়ী প্রকল্পটির ২০১০-১১ এবং ২০১৩-১৪ অর্থবছরের আর্থিক কার্যক্রমের এক্সটার্নাল অডিট সম্পাদিত হয়েছে। প্রকল্পটি জুলাই, ২০১০ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়। সেমতে প্রকল্পটির আর্থিক কার্যক্রমের ২০১০-১১, ২০১১-১২,২০১২-১৩, ২০১৩-১৪ ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং২০১৬-১৭ অর্থবছরের অডিট করা প্রয়োজন। কিন্তু ২০১১-১২, ২০১২-১৩, ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং২০১৬-১৭ অর্থবছরের অর্থাৎ ৫টি অর্থবছরের এক্সটার্নাল অডিট এখনও বাকি রয়েছে। অবশিষ্ট ৫টি অর্থবছরের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৫.৮ প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ৪৩৩৪.৮২ লক্ষ টাকা এবং মোট ব্যয় হয়েছে ৩৯৮৪.৬৬ লক্ষ টাকা যা মোট অনুমোদিত ব্যয়ের ৯৬.৬৭%। প্রকল্পটি বাস্তবায়ন পরবর্তী ৩৫০.১৬ লক্ষ টাকা অব্যয়িত রয়ে গেছে। এ অব্যয়িত

টাকা সরকারি কোষাগারে জমাদান এখনও সম্পন্ন হয়নি। অব্যয়িত অর্থ দ্রত জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৫.৯ কলেজের জন্য একটি ওয়েবসাইট তৈরি করা হলেও পর্যবেক্ষণে দেখা যায় তা নিয়মিত হালনাগাদ করা হয়না। ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে;

১৫.১০ উপর্যুক্ত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী এক মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

“উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন এবং উন্নত পাট পচন(৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন ২০১৭ খ্রিঃ)

১। প্রকল্পের নাম : উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন এবং উন্নত পাট পচন (৩য় সংশোধিত)

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয় ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : পাট অধিদপ্তর ।

৪। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	ঢাকা	ধামরাই
	গাজীপুর	কাপাসিয়া
		কালীগঞ্জ
		শ্রীপুর
	টাঙ্গাইল	সদর
		কালিহাতী
		ঘাটাইল
		দেলদুয়ার
		গোপলপুর
		নাগরপুর
		ভুয়াপুর
		ধনবাড়ী
		মির্জাপুর
		মধুপুর
		সখিপুর
		বাসাইল
	ফরিদপুর	সদর
		বোয়ালমারী
		মধুখালী
		আলফাডাঙ্গা
		সদরপুর
		ভাঙ্গা
		নগরকান্দা
	মাদারীপুর	সদর
		রাজৈর
		কালকিনি
		শিবচর
	শরীয়তপুর	সদর
		জাজিরা
		ভেদরগঞ্জ
		ডামুড্যা
		নরিয়া
	গোপালগঞ্জ	সদর
		কাশিয়ানি
		মুকসুদপুর
		টুঙ্গীপাড়া

বিভাগ	জেলা	উপজেলা
		কোটালীপাড়া
	রাজবাড়ী	সদর
		পাংশা
		বালিয়াকান্দি
		গোয়ালন্দ
	মানিকগঞ্জ	সদর
		সাটুরিয়া
		সিঙ্গাইর
		ঘিওর
	নরসিংদী	সদর
		রায়পুরা
		শিবপুর
		মনোহরদী
		বেলাবো
ময়মনসিংহ	ময়মনসিংহ	সদর
		মুক্তাগাছা
		গফরগাঁও
		ফুলপুর
		ফুলবাড়ীয়া
		ত্রিশাল
		ঈশ্বরগঞ্জ
		নান্দাইল
		ভালুকা
	নেত্রকোণা	সদর
		কেন্দুয়া
		আটপাড়া
		বারহাট্টা
	কিশোরগঞ্জ	করিমগঞ্জ
		কটিয়াদী
		ভৈরব
		বাজিতপুর
		পাকুন্দিয়া
		কুলিয়ারচর
	শেরপুর	সদর
		নকলা
		শ্রীবর্দি
	জামালপুর	সদর
		সরিষাবাড়ী
		ইসলামপুর
		বকশীগঞ্জ
		মাদারগঞ্জ
		দেওয়ানগঞ্জ
চট্টগ্রাম	কুমিল্লা	দেবীদ্বার
	ব্রাহ্মণবাড়ীয়া	সদর
খুলনা	যশোর	সদর
		মনিরামপুর
		ঝিকরগাছা

বিভাগ	জেলা	উপজেলা
		শার্শা
		বাঘারপাড়া
		কেশবপুর
		চৌগাছা
	খুলনা	ডুমুরিয়া
		পাইকগাছা
	সাতক্ষীরা	কলারোয়া
		তালা
	নড়াইল	সদর
		লোহাগড়া
		কালিয়া
	ঝিনাইদহ	সদর
		শৈলকুপা
		মহেশপুর
		হরিণাকুন্ড
		কালিগঞ্জ
		কোটচাঁদপুর
	বাগেরহাট	মোল্লারহাট
		চিতলমারী
	কুষ্টিয়া	সদর
		দৌলতপুর
		ভেড়ামারা
		মিরপুর
		কুমারখালী
		খোকশা
	চুয়াডাঙ্গা	সদর
		আলমডাঙ্গা
		ডামুরহুদা
		জীবননগর
	মেহেরপুর	সদর
		গাংনী
		মুজিবনগর
	মাগুরা	সদর
		শ্রীপুর
		মোহাম্মদপুর
		শলিখা
বরিশাল	বরিশাল	গৌরনদী
		আগৈলঝরা
রাজশাহী	রাজশাহী	পবা
		বাঘা
		পুঠিয়া
		দুর্গাপুর
		বাঘমারা
		চারঘাট
	নওগা	সদর
		বদলগাছি
		মান্ড

বিভাগ	জেলা	উপজেলা
	চাঁপাইনওয়াবগঞ্জ	সদর
	নাটোর	সদর
		গুরুদাসপুর
		বারৈগ্রাম
		লালপুর
	পাবনা	সদর
		আটঘরিড়া
		সাথিয়া
		সুজানগর
		বেড়া
		চাটমোহর
	বগুড়া	সদর
		গাবতলী
		ধুনট
		সোনাতলা
		সারিয়াকান্দি
	সিরাজগঞ্জ	সদর
		রায়গঞ্জ
		কাজীপুর
		উল্লাপাড়া
	জয়পুরহাট	সদর
		পাঁচবিবি
রংপুর	গাইবান্ধা	সদর
		পলাশবাড়ী
		সুন্দরগঞ্জ
		সাদুল্লাপুর
		গোবিন্দগঞ্জ
		সাঘাটা
		ফুলছড়ী
	রংপুর	সদর
		কাউনিয়া
		পীরগাছা
		পীরগঞ্জ
		বদরগঞ্জ
		তারাগঞ্জ
		মিঠাপুকুর
		গঙ্গাচড়া
	কুড়িগ্রাম	সদর
		উলিপুর
		চিলমারী
		ভুরুঙ্গামারী
		নাগেশ্বরী
		ফুলবাড়ী
		রাজারহাট
	লালমনিরহাট	সদর
		কালিগঞ্জ
		হাতিবান্ধা

বিভাগ	জেলা	উপজেলা
		পাটগ্রাম
	নীলফামারী	সদর
		ডোমার
		ডিমলা
		জলঢাকা
		কিশোরগঞ্জ
		সৈয়দপুর
	দিনাজপুর	সদর
		পার্বতীপুর
		চিরিরবন্দর
		খানসামা
		নবাবগঞ্জ
		বীরগঞ্জ
		বিরল
		বোচাগঞ্জ
	পঞ্চগড়	সদর
		আটওয়ারী
		বোদা
		দেবিগঞ্জ
	ঠাকুরগাও	সদর
		বালিয়াডাঙ্গি
		পীরগঞ্জ
		রাণীশংকৈল

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃসাঃ) (সংস্থা)		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৬৯০৩.০২৯	১৫০৩৪.৪৮	১৩৯০৫.৪৫	জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ পর্যন্ত	জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ পর্যন্ত	জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ পর্যন্ত	সর্বশেষ সংশোধনী অনুসারে মূল প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ১৮৬৮.৫৪ লক্ষ টাকা কম ব্যয় নির্ধারিত হয়।	১ বছর (২০%)

৬। সাধারণ পর্যবেক্ষণ :

৬.১। পটভূমি : সত্তর দশক পর্যন্ত পাট খাত থেকে বাংলাদেশের বৈদেশিক আয়ের ৮০% অর্জিত হতো। তখন প্রায় ৪০ লক্ষ কৃষকের জীবিকা অর্জন পাট উৎপাদনের উপর নির্ভরশীল ছিল। সে বিবেচনায় বাংলাদেশের অর্থনীতিতে পাট একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে ছিল। অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত অবদান বিবেচনায় পাট উৎপাদন বাংলাদেশের জন্য একটি অপরিহার্য কার্যক্রম । পাট খাতের সার্বিক উন্নয়নে পাট বীজ আমদানি নির্ভরতা হ্রাস করে উচ্চ ফলনশীল (উফশী) পাট

বীজ উৎপাদনে আত্মনির্ভরশীলতা অর্জন ও মানসম্মত তোষা পাট উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও অব্যাহত সহায়তা প্রদানের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে পাট অধিদপ্তর কর্তৃক সমন্বিত পাট উৎপাদন ও বাজারজাতকরণ পাইলট প্রকল্প, চাষী পর্যায়ে উফশী পাট বীজ উৎপাদন ও বিনিময় কর্মসূচি, সমন্বিত পাট উৎপাদন ও বাজারজাতকরণ প্রকল্প, সমন্বিত উফশী পাট ও পাট বীজ উৎপাদন (২য় পর্যায়) ও জুন ২০১৭-তে সমাপ্ত "উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন এবং উন্নত পাট পচন" প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। বাংলাদেশ সরকারের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে মোট ১৫০৩৪.৪৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ মেয়াদে দেশের ৪৪টি জেলার ২০০টি উপজেলায় প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়িত হয়।

৬.২। উদ্দেশ্য:

- জাতীয় চাহিদাপুরণের লক্ষ্যে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত নতুন উচ্চ ফলনশীল (উফশী) জাতের পাট বীজ কৃষকদের মধ্যে দ্রুত প্রবর্তন এবং কৃষক পর্যায়ে অধিক পরিমাণে উফশী পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত উন্নত প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ ;
- ৯৩০০ একর জমিতে ৫০,০০০ কৃষক দ্বারা পাট আবাদ করে প্রতিবছর ১০০০-১৫০০ মেট্রিক টন উফশী জাতের পাট বীজ উৎপাদন ;
- ২,০০,০০০ একর জমিতে ২,০০,০০০ কৃষক দ্বারা প্রতিবছর ৬০-৭০ লক্ষ মন উফশী জাতের তোষা পাট উৎপাদন করে পর্যায়ক্রমে নিম্নমানের পাট বীজের স্থলে উফশী পাট বীজ প্রতিস্থাপন ;
- নিম্নমানের পাট বীজ ব্যবহার প্রতিরোধ ;
- উফশী জাতের পাট বীজ বিতরণের মাধ্যমে দেশের পাট উৎপাদনে পরিমাণগত ও গুণগতমান বৃদ্ধি ;
- একর প্রতি উৎপাদন বৃদ্ধিপূর্বক পাট উৎপাদন ব্যয় হ্রাস ;
- পাট চাষীকে উন্নত পদ্ধতিতে পাট পচনে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে পাট জাগে মাটি, কলাগাছ ইত্যাদি ক্ষতিকর বস্তু ব্যবহার নিরুৎসাহিত করে কচুরীপানা, খড়, কংক্রিট স্ল্যাব, বাঁশ ইত্যাদির ব্যবহারে উৎসাহিত করা ; এবং
- ১,১১,৯০০ সংখ্যক কৃষককে উফশী পাট, পাট বীজ উৎপাদন ও পাট পচনের আধুনিক পদ্ধতি ও কলাকৌশলের উপর প্রশিক্ষণ প্রদান ।

৬.৩। প্রকল্পের অনুমোদন ও সংশোধন : ১৬৯০৩.০২৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মূল প্রকল্পটি বিগত ১৩ সেপ্টেম্বর ২০১১ তারিখে একনেক বৈঠক কর্তৃক অনুমোদিত হয়। ভারত থেকে ১০০০ মেট্রিক টন উন্নতমানের জেআরও-৫২৪ জাতের পাট বীজ আমদানি, ২০,০০০ কৃষি যন্ত্রপাতি ক্রয়, অতিরিক্ত আসবাবপত্র ক্রয় ইত্যাদি কারণে ৭৯৪.১৮৯ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধিপূর্বক মোট ১৭৬৯৭.২১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ মেয়াদ সংবলিত প্রকল্পটির ১ম সংশোধন মাননীয় বস্ত্র ও পাট মন্ত্রী কর্তৃক গত ২৭ মার্চ ২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ৬৮৯.৭৩ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধিপূর্বক মোট ১৮৩৮৬.৯৪৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ মেয়াদে প্রকল্পটির ২য় সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৫ এপ্রিল ২০১৪ তারিখে অনুমোদিত হয়। পাট বীজের মূল্য বৃদ্ধি পাওয়ার কারণে শুধু মাত্র বীজ ও চারা অঙ্গের নির্ধারিত ৫০২১.৭৬ লক্ষ টাকা ব্যয়ের স্থলে ৫৮৪৮.৩৬ লক্ষ টাকা বৃদ্ধির প্রয়োজন হয়। এ উদ্দেশ্যে প্রাক্কলিত ব্যয় ৩৩৫২.৪৬৮ লক্ষ টাকা হ্রাসপূর্বক মোট ১৫০৩৪.৪৮ লক্ষ টাকা প্রা/ক্কলিত ব্যয় ও জুলাই ২০১১ থেকে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ৩য় সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অনুমোদিত হয়।

৬.৪। প্রকল্প পরিদর্শন : বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ এর মহাপরিচালক বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৫ জুলাই ২০১৮ তারিখ গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলা ও নরসিংদী জেলার মনোহরদী উপজেলা এবং ৯ জুলাই ২০১৮ তারিখে কুড়িগ্রাম জেলার সদর উপজেলা ও ১০ জুলাই ২০১৮ তারিখে রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলার প্রকল্প কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক মূল্যায়ন করা হয়।

৬.৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
(১)	ড. মঙ্গল চন্দ্র চন্দ প্রকল্প পরিচালক "উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন এবং	পূর্ণকালীন	২ জানুয়ারী ২০১১ থেকে ৮ জানুয়ারী ২০১৫ পর্যন্ত ।

	উন্নত পাট পচন (৩য় সংশোধিত)" প্রকল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয়		
(২)	ড. শেখ মহম্মদ রেজাউল ইসলাম যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক "উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাট বীজ উৎপাদন এবং উন্নত পাট পচন (৩য় সংশোধিত)" প্রকল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয়	পূর্ণকালীন	১৫ মে ২০১৫ থেকে জুন ২০১৭ পর্যন্ত।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	আর্থিক (%)	বাস্তব
(১)	কর্মকর্তাদের বেতন	৬২ জন	২৭০.৪৪	১০৫.৩৩	৬ জন
(২)	কর্মচারীদের বেতন	২৩২ জন	১২৩২.২২	১১৩০.৫৫	১৭২ জন
(৩)	ভ্রমণ ভাতা	২৯৪ জন	১৮৯.৯০	১৮৯.৫৩	২২৫ জন
(৪)	ভাতাদি	২৯৪ জন	৯৯৫.৩৫	৭৮৩.৭০	১৭৮ জুন
(৫)	অফিস ভাড়া	২১২টি	২৫২.৪৩	২৪৯.১২	২১২টি
(৬)	ডাক মাশুল	থোক	৫.২০	৪.২০	থোক
(৭)	টেলিফোন বিল	১২৫টি	২১.৩১	১৯.৩০	১০৫টি
(৮)	বিদ্যুৎ বিল	থোক	৮.০৮	৬.৩৫	থোক
(৯)	অকটেন, গ্যাস, লুব্রিকেন্ট ইত্যাদি	থোক	২০১.৬৪	১৯২.০৩	থোক
(১০)	স্টেশনারী	থোক	৫৮.১৩	৫৬.৭৩	থোক
(১১)	বই ও প্রকাশনা	থোক	১.২৪	১.০৬	থোক
(১২)	প্রকাশনা এবং বিজ্ঞাপন	থোক	৯৬.৬৫	৯৬.৬১	থোক
(১৩)	প্রশিক্ষণ	১১২২০০	৯১৭.৫১	৯১৭.৫১	১১০৮৫০
(১৪)	শিক্ষা সফর	১০ দলে ৭০ জন	২২৫.০০	২২৪.৬৪	৬৭ জন
(১৫)	কর্মশালা/সেমিনার/কর্মকর্তা-স্টাফ প্রশিক্ষণ/কৃষক জমায়েত	থোক	২০.০০	১৯.৯৮	থোক
(১৬)	আপ্যায়ন	থোক	০.৮২	০.৬৬	থোক
(১৭)	পরিবহন ব্যয়	থোক	৯১.২৬	৮৮.১০	থোক
(১৮)	বীজ ও চারা	৪৩০৩.৮২ মেট্রিক টন	৫৮৪৮.৩৬	৫৮০৮.০০	৪৩০৩.৮২ মেট্রিক টন
(১৯)	কীটনাশক	১৭.৯২ মেট্রিক টন	১৭৯.১৫	১২৮.৫৩	১২.৮৫ মেট্রিক টন
(২০)	সার	১৪০৯৯ মেট্রিক টন	২৫৩০.৫৯	২০৩৪.৭৯	১১৫৬৯ মেট্রিক টন
(২১)	সম্মানী	থোক	৭.৮৫	৭.৮৫	থোক
(২২)	বিবিধ	থোক	৬৪.৬৯	৬৩.৩২	থোক
(২৩)	মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	৪৩.৬২	৩৯.৯৩	থোক
(২৪)	মোটরযান ক্রয়	২৬৫টি	৪৬৮.৪০	৪৬৮.৪০	২৬৫টি
(২৫)	কৃষি যন্ত্রপাতি ক্রয়	২১৬৬৬ সেট+ ২০০০টি	৭০৬.৩৪	৭০৫.৩৪	২৩৬৩৭
(২৬)	অফিস আসবাবপত্র	২১৩ সেট	১৪৭.৭৩	১৪৭.৭৩	২১৩ সেট
(২৭)	অফিস যন্ত্রপাতি	৩৯৭টি	১৭১. ১৮	১৭১.১৮	২৭২টি
(২৮)	অন্যান্য (জুট শীট ও সাইনবোর্ড)	৪৯২২০	২৪৪.৯৮	২৪৪.৯৮	৪৯২২০

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		জুন ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	আর্থিক (%)	বাস্তব
(২৯)	প্রাইস কন্টিনজেন্সি	১%	৩৪.৪১	-	-
	সর্বমোট		**১৫০৩৪.৪৮**	**১৩৯০৫.৪৫**	

সূত্র : প্রকল্প পিসিআর

৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

৮.১। **প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:**

৮.১.১। **প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে :**

- ৫০,০০০ চাষীকে সম্পৃক্ত করে ৯,৩০০ একর জমিতে প্রতি বছর ১০০০-১৫০০ মেট্রিক টন উচ্চ ফলনশীল পাট বীজ উৎপাদন ;
- ২,০০,০০০ লক্ষ পাট চাষীকে সম্পৃক্ত করে ২,০০,০০০ একর জমিতে প্রতি বছর ৬০-৭০ লক্ষ মণ উচ্চ ফলনশীল তোষা পাট উৎপাদন ;
- ২০১১-১৭ পর্যন্ত মোট ১,১১,৯০০ সংখ্যকসহ প্রতি বছর ২০ হাজার চাষীকে (প্রতি উপজেলায় ২০০ সংখ্যক করে) উচ্চ ফলনশীল পাট ও পাট বীজ উৎপাদন ও উন্নত পাট পচন প্রক্রিয়া বিষয়ে প্রশিক্ষণ প্রদান ;
- পাট চাষীদের মাঝে বিনা মূল্যে ৪৩০৩.৮২ মেট্রিক টন বীজ (ভিত্তি ও প্রত্যায়িত বীজ), ১৭.৯২ মেট্রিক টন কীটনাশক, ১৪০৯৯ মেট্রিক টন সার বিতরণ ;
- ২১৬৬৬ সেট+২০০০টি কৃষি যন্ত্রপাতি (হ্যান্ড স্প্রেয়ার, রিবন-রেটিং সহায়ক দ্রব্যাদি) ক্রয় ; এবং
- ৪৯২২০ সংখ্যক জুটশীট ও সাইনবোর্ড ক্রয় ।
-

৮.১.২। অনুমোদিত আরডিপিপি-তে কর্মকর্তাদের বেতন অঙ্গের বিপরীতে ৬২ জনের জন্য ২৭০.৪৪ লক্ষ টাকা প্রাক্কলন অন্তর্ভুক্ত ছিল। কিন্তু প্রকৃতপক্ষে ৬ জন কর্মকর্তা কর্মরত অবস্থায় প্রকল্প থেকে বেতন আহরণ করেন এবং এ বাবদ বাস্তবায়ন মেয়াদে ১০৫.৩৩ লক্ষ টাকা ব্যয় হয়। অবশিষ্ট ১৬৫.১১ লক্ষ টাকা অব্যয়িত থাকে। পাট অধিদপ্তরের কর্মকর্তা ও পিসিআর এর বরাতে জানা যায় ৮ জন সহকারী পরিচালক, ৪৩ জন পাট উন্নয়ন কর্মকর্তা ও ১ জন হিসাব রক্ষণ কর্মকর্তা অতিরিক্ত দায়িত্বে নিযুক্ত ছিলেন বিধায় তাঁরা প্রকল্পের পরিবর্তে রাজস্ব খাত থেকে বেতন আহরণ করেছিলেন। এছাড়া ৩ জন পাট উন্নয়ন কর্মকর্তা চাকুরি ছেড়ে চলে যান । ডিপিপি প্রণয়নকালে বিষয়টি বিবেচনা করা হলে সে অনুসারে সঠিক প্রাক্কলন প্রস্তুত করা সম্ভব হতো এবং ১৬৫.১১ লক্ষ টাকা অব্যয়িত থাকতো না ;

৮.১.৩। অনুরূপভাবে কর্মচারীদের মধ্যে ১ জন ক্যাশিয়ার, ৪৫ জন উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা অতিরিক্ত দায়িত্বে নিযুক্ত থেকে রাজস্ব খাত থেকে বেতন আহরণ করেন। ১০ জন উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা ও ২ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর চাকুরি ছেড়ে দেন এবং ২ জন উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে চাকুরী থেকে বরখাস্ত করা হয়। অর্থাৎ নির্ধারিত ২৩২ জনের মধ্যে ১৭২ জন কর্মরত ছিলেন বিধায় ১২৩২.২২ লক্ষ টাকা প্রাক্কলনের মধ্যে ১১৩০.৫৫ লক্ষ টাকা ব্যয় হয় এবং ১০১.৬৭ লক্ষ টাকা অব্যয়িত থাকে। এ ক্ষেত্রেও ডিপিপি প্রণয়ণকালে বিষয়টি বিবেচনা করা বাঞ্ছনীয় ছিল ;

৮.১.৪। অনুমোদিত আরডিপিপি অনুসারে ১৭৯.১৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৭.৯২ মেট্রিক টন কীটনাশক বিতরণের জন্য নির্ধারিত ছিল। কিন্তু বাস্তবে ১২৮.৫৩ লক্ষ টাকা ব্যয়ে ১২.৮৫ মেট্রিক টন কীটনাশক বিতরন করা হয়। পাট অধিদপ্তর এর সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে আলোচনাকালে জানা যায় কিছু সংখ্যক উপজেলায় মাঠ পর্যায়ের কর্মকর্তা এ বাবদ টাকা ব্যয় করতে পারেননি বিধায় নির্ধারিত টাকা ব্যয় ও লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি ;

৮.১.৫। প্রকল্পের সার বিতরণ অঙ্গের বিপরীতে ১৪০৯৯ মেট্রিক টন বিতরণের সংস্থান থাকলেও বাস্তবে ১১৫৬৯ মেট্রিক টন সার বিতরণ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অপেক্ষা ২৫৩০ মেট্রিক টন কম সার বিতরণ করা হয়েছে। পিসিআর এ উল্লেখ করা হয়েছে যে কয়েকটি উপজেলায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ বীজ রোপণের সঙ্গে সঙ্গতি রেখে সার বিতরণ সম্পন্ন করতে সক্ষম হননি। প্রকল্প মেয়াদে পাট চাষীদের মাঝে সার, বীজ ও উপকরণাদি বিতরণ সংক্রান্ত তথ্য নিম্নের ছকে প্রদান করা হলো :

ক্রমিক নম্বর	বিবরণ	লক্ষ্যমাত্রা	অর্জন
১.	ভিত্তি পাটবীজ	৯৮.৮৭৫ মেট্রিক টন	৯৫.৫০৬ মেট্রিক টন
২.	প্রত্যায়িত পাটবীজ	৪২৩৯.৮০ মেট্রিক টন	৪২০৮.৩১ মেট্রিক টন
৩.	রাসায়নিক সার	১৩০৯৯.০০ মেট্রিক টন	১০৫৬৯.০০ মেট্রিক টন
৪.	জৈবসার বিতরণ	১০০০.০০ মেট্রিক টন	১০০০.০০ মেট্রিক টন
৫.	কীটনাশক বিতরণ	১৭৯.১৫ লক্ষ টাকা	১২৮.৫৩ লক্ষ টাকা
৬.	প্লাস্টিক হ্যান্ড স্প্রেয়ার	২০০০টি	১৯৮৯ টি
৭.	রিবনার	২৩৬৬৬ টি	২৩৬৩৭ টি
৮.	কাঠের হাতুরী	২১৬৬৬ টি	২১৬৬৬ টি
৯.	পলিথিন শীট	২১৬৬৬ টি	২১৬৬৬ টি
১০.	জুট ক্যানভাস শীট	৩৪২২০ টি	৩৪২২০ টি
১১.	প্রদর্শনী প্লটের সাইনবোর্ড	১৫০০০ টি	১৪৯০০ টি
১২.	উৎপাদক সহায়ক গাইড বুক	৫৬০০০টি	৫৬০০০টি
১৩.	লিফলেট ও রঙ্গীন পোস্টার	১২৩৫০০টি	১২৩৫০০টি

সূত্র : পাট অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত

৮.১.৬। প্রকল্পের আওতায় ২৬৫টি মোটরযান ক্রয় করা হয়েছে। তন্মধ্যে ২৬২টি মোটর সাইকেল ক্রয় করা হয়। তবে পিসিআর সূত্রে জানা যায় যে জনবল নিয়োগের পূর্বে পদের বিপরীতে মোটর সাইকেল বিতরণ করা হয়। ফলে বিতরণকৃত মোটর সাইকেলগুলি অব্যহৃত অবস্থায় ফেলে রাখার কারণে এগুলির গুণগতমান নষ্ট হয়েছে বলে উল্লেখ করা হয় ;

৮.১.৭। পিসিআর এর সূত্রমতে পাট বীজের জাতীয় চাহিদার ১৯% পাট অধিদপ্তর, ১৮% কৃষি উন্নয়ন করপোরেশন, ১৫% কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ৬% এনজিওসমূহ এবং ২৫% কৃষকগণ কর্তৃক সরবরাহ করা হয়। অবশিষ্ট বীজ ভারত থেকে আমদানী করা হয়। প্রকল্পের আওতায় উফশী পাট বীজ উৎপাদন সংক্রান্ত সম্পাদিত কার্যক্রম নিম্নের ছকে প্রদান করা হলো:

অর্থ বছর	বিবরণ	লক্ষ্যমাত্রা (মেঃ টন)	অর্জন (মেঃ টন)
২০১১-১২	ভিত্তি পাটবীজ বিতরণ	১৩.১২৫	১৩.১২৫
	পাটবীজ উৎপাদন	৮৫৫.০০	৮০০.০০
২০১২-১৩	ভিত্তি পাটবীজ বিতরণ	১৫.৭৫	১৫.৭৫
	পাটবীজ উৎপাদন	১৭৭৩.০০	১১৫০.০০
২০১৩-১৪	ভিত্তি পাটবীজ বিতরণ	১৭.৫০	১৬.১৯৪
	পাটবীজ উৎপাদন	১৮৫০.০০	১০৯৫.০০
২০১৪-১৫	ভিত্তি পাটবীজ বিতরণ	১৭.৫০	১৫.৪৩৭
	পাটবীজ উৎপাদন	১৭৬০.০০	৯৭১.১৯
২০১৫-১৬	ভিত্তি পাটবীজ বিতরণ	১৭.৫০	১৭.৫০
	পাটবীজ উৎপাদন	২০০০.০০	১০১৬.০০
২০১৬-১৭	ভিত্তি পাটবীজ বিতরণ	১৭.৫০	১৭.৫০
	পাটবীজ উৎপাদন	১৫০০.০০	১১৮০.৪৮
সর্বমোট :	**ভিত্তি পাটবীজ বিতরণ**	**৯৮.৮৭৫**	**৯৫.৫০৬**
	পাটবীজ উৎপাদন	**৯৭৩৮.০০**	**৬২১২.৬৭**

সূত্র : পাট অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত

উপরের ছক থেকে দেখা যায় যে, প্রকল্প মেয়াদের (২০১১-১২ থেকে ২০১৬-১৭) প্রথম ২ বছর ও শেষ ২ বছর লক্ষ্যমাত্রা অনুসারে ভিত্তি পাট বীজ বিতরণ সম্পন্ন হয়েছে। কিন্তু ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অপেক্ষা কম ভিত্তি পাট বীজ বিতরণ করা হয়েছে। এছাড়া প্রকল্প মেয়াদে ৬ বছরে ৯৭৩৮ মেঃ টনের লক্ষ্যমাত্রার বিপরীতে সার্বিকভাবে ৬২১২.৬৭ মেঃ টন (৬৩.৮০%) পাট বীজ উৎপাদিত হয়েছে। লক্ষ্যমাত্রা অপেক্ষা ৩৫২৫.৩৩ মেঃ টন কম পাট বীজ উৎপাদিত হয়েছে। এ বিষয়ে পাট অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব আমিনুল ইসলামের সংগে আলোচনা হলে তিনি জানান যে, রোপনের সময় অতি বৃষ্টি এবং কর্তনের সময় দেশের উত্তরাঞ্চলে ঘন কুয়াশার কারণে লক্ষ্যমাত্রা অনুসারে মানসম্মত পাট বীজ উৎপাদন করা সম্ভব হয়নি। প্রকৃতির উপর অত্যধিক নির্ভরশীলতার কারণে পাট বীজ উৎপাদন ব্যাহত হয়েছে মর্মে প্রতীয়মান। উল্লেখ্য যে পাট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার ভাষ্যমতে ভিত্তি পাট বীজ থেকে প্রত্যায়িত পাট বীজ উৎপাদন করা হয়;

৮.১.৮। পাট অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব আমিনুল ইসলামের ভাষ্য অনুসারে প্রতি একরে সাধারণভাবে ১৮-২০ মণ প্রত্যায়িত পাট বীজ ও পাট উৎপাদিত হয়ে থাকে। অপরদিকে প্রকল্পে ব্যবহৃত ০-৯৮৯৭ (উফশী) জাতের পাট বীজ থেকে প্রতি একরে ৩০-৩৫ মণ মানসম্মত তোষা পাট উৎপাদন করা সম্ভব। প্রকল্প মেয়াদে উফশী তোষা পাট উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নের ছকে প্রদান করা হলো :

অর্থ বছর	বিবরণ	লক্ষ্যমাত্রা	অর্জন
২০১১-১২	তোষা পাট উৎপাদন	৩৮.৮৪ লক্ষ মণ	৩৭.০৪ লক্ষ মণ
২০১২-১৩	তোষা পাট উৎপাদন	৩৮.৭১ লক্ষ মণ	৩৯.০০ লক্ষ মণ
	জেআরও-৫২৪ এবং ০-৯৮৯৭ বীজ বিতরণ	১০০০.০০ মেঃ টন	৯৬৮.৫১ মেঃ টন
	জেআরও-৫২৪ এবং ০-৯৮৯৭ পাট উৎপাদন	১০০.০০ লক্ষ মণ	১০২.৬৯ লক্ষ মণ
২০১৩-১৪	তোষা পাট উৎপাদন	৫৪.৫০ লক্ষ মণ	৫৫.৯২ লক্ষ মণ
	জেআরও-৫২৪ এবং ০-৯৮৯৭ বীজ বিতরণ	৯৭২.০০ মেঃ টন	৯৭২.০০ মেঃ টন
	জেআরও-৫২৪ এবং ০-৯৮৯৭ পাট উৎপাদন	৯৭.২০ লক্ষ মণ	৯৬.৬১ লক্ষ মণ
২০১৪-১৫	তোষা পাট উৎপাদন	৫৪.৫০ লক্ষ মণ	৫৫.৪৫ লক্ষ মণ
২০১৫-১৬	তোষা পাট উৎপাদন	৪৭.১৩ লক্ষ মণ	৪৭.৬৪ লক্ষ মণ
২০১৬-১৭	তোষা পাট উৎপাদন	৬০.০০ লক্ষ মণ	৬২.০২ লক্ষ মণ
মোট :	**তোষা পাট উৎপাদন**	**৪৮৬.৮৮ লক্ষ মণ**	**৪৯৬.৩৭ লক্ষ মণ**

সূত্র : পাট অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত

উপরের ছকে প্রদত্ত তথ্য অনুসারে ৪৮৬.৮৮ লক্ষ মণ উৎপাদনের লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৯৬.৩৭ লক্ষ মণ তোষা পাট উৎপাদন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অপেক্ষা ৯.৪৯ মণ বেশি তোষা পাট উৎপাদন করা হয়েছে ;

৮.১.৯। মানসম্মত পাট তন্তু প্রাপ্তির লক্ষ্যে প্রকল্পের আওতায় পাট পচনে পাটের জাগে মাটি, কলাগাছ, ইত্যাদি ক্ষতিকর বস্তুর পরিবর্তে কচুরিপানা, খড়, কংক্রিট স্ল্যাব, বাঁশ ইত্যাদি ব্যবহারে চাষীদেরকে উদ্বুদ্ধ করা হয় বলে পিসিআর এর সূত্রমতে জানা যায়। বর্তমানে পাট চাষীদের ৬০% পাট পচনের জাগে কচুরীপানা,খড়, কংক্রিট স্ল্যাব ব্যবহার করছে বলে জানা যায়;

৮.১.১০। উন্নত পদ্ধতির মাধ্যমে পাট পচনের রিবন রেটিং পদ্ধতি এ প্রকল্পের মাধ্যমে প্রচলনের উদ্যোগ গ্রহণ করা হয় মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান। পিসিআর এর সূত্রমতে মাত্র ৮.৪% পাট চাষী এ পদ্ধতি বর্তমানে ব্যবহার করছে। আলোচ্য পদ্ধতির ব্যবহার বিষয়ে আলোচনাকালে পাট চাষীদের মধ্যে অনাগ্রহ লক্ষ্য করা যায়। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার পাট চাষী জনাব এমদাদ হোসেন জানান যে, কালীগঞ্জ উপজেলায় প্রাকৃতিক পানির উৎস যেমন- বিল, পুকুর, ডোবা, নালা ইত্যাদির সংখ্যা বেশি হওয়ার কারণে পদ্ধতিটি ব্যবহারে চাষীরা আগ্রহী হয়নি। পানিতে পাট পচনের প্রচলিত পদ্ধতি কম ঝামেলাপূর্ণ হওয়ার কারণে চাষীরা রিবন রেটিং পদ্ধতির পরিবর্তে উল্লিখিত এলাকায় প্রচলিত পদ্ধতিতে পাট চাষীরা পাট পচনের প্রক্রিয়া সম্পন্ন করেছে। দেশের শুষ্ক অঞ্চলের জন্য রিবন রেটিং বেশি কার্যকর বলে তিনি আরও জানান ;

৮.১.১১। পরিদর্শনকালে রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলার দুইজন পাট চাষী সাজু আহম্মেদ লাল ও মোঃ গোলাম রব্বানী উল্লেখ করেন যে রিবন রেটিং পদ্ধতি ভাল তবে এতে পাট কাঠি নষ্ট হয়ে যায় বিধায় চাষীরা পদ্ধতিটি ব্যবহারে আগ্রহী হয়নি। উল্লেখ্য বৃহত্তর রংপুর অঞ্চলে পাট কাঠির দাম ও চাহিদা অন্য অঞ্চল অপেক্ষা তুলনামূলকভাবে বেশি। মোঃ গোলাম রব্বানী প্রসঙ্গক্রমে আরও উল্লেখ করেন যে রিবন রেটিং পদ্ধতির মাধ্যমে পাট পচনের জন্য ক্ষেত থেকে পাট পরিবাহন করে বাড়ীতে আনতে হয়। ফলে পাট পরিবহন বাবদ চাষীকে ব্যয় করতে হয় বিধায় রিবন রেটিং পদ্ধতির প্রতি চাষীরা আগ্রহ হারিয়ে ফেলে ;

৮.১.১২। পরিদর্শনকালে পাট চাষীদের সঙ্গে আলোচনাকালে একটি বিষয় সকলে উল্লেখ করেন যে, প্রকল্পের আওতায় উৎপাদিত বীজ বাজারজাতকরণের কোন ব্যবস্থা না রাখার কারণে উৎপাদিত বীজ নিয়ে তাঁরা বিপাকে পড়েন ;

৮.১.১৩। পাট অধিদপ্তর ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনাকালে আরও জানা যায় যে, অধিদপ্তরে কর্মরত ২৪২ সংখ্যক পাট উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পাট উন্নয়ন কর্মকর্তার মধ্যে শুধুমাত্র ১৫ জন কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রিধারী, ৩১ জন ডিপ্লোমা ডিগ্রিধারী এবং অবশিষ্ট ১৯৬ জন সাধারণ শিক্ষার ডিগ্রিধারী ; এবং

৮.১.১৪। পাট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছ থেকে জানা যায় যে, জানুয়ারী ১৯৯৪ থেকে আলোচ্য প্রকল্পের মেয়াদ পর্যন্ত পাট বীজ ও পাট উৎপাদন সংক্রান্ত বিভিন্ন শিরোনামে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়ে আসছে। কিন্তু আলোচ্য প্রকল্পসহ অন্যান্য প্রকল্প গ্রহণের পূর্বে কোন ফিজিবিটি স্টাডি করা হয়নি এবং প্রকল্প সমাপ্ত হওয়ার পর কতখানি প্রভাব/লক্ষ্য অর্জিত হয়েছে সে সংক্রান্ত কোন তথ্য সংগ্রহপূর্বক সে আলোকে শিক্ষা গ্রহণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়ণ করা হয়নি মর্মে প্রতীয়মান হয় ।

৯। **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

ক্রমিক নম্বর	**কাজের নাম/প্যাকেজের নাম**	**দরপত্র আহবানের তারিখ**	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ**	**দাতা সংস্থা কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ**	**আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ**	**দাতা সংস্থা কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ**	**-চুক্তি স্বাক্ষরের তারিখ -ঠিকাদারের নাম -চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ -বাস্তবে কার্য সম্পাদনের তারিখ -চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**	**(৮)**	**(৯)**
(১)	১টি জীপ (মিতসুবিসি পাজেরো স্পোর্টস্) ক্রয়	-	-	-	প্রযোজ্য নয়	-	প্রযোজ্য নয়	২৩ জানুয়ারী ২০১২ তারিখে জীপটি ক্রয়পূর্বক ৩০ জুন ২০১৭ তারিখে জীপটি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে হস্তান্তর করা হয়।
(২)	১টি মাইক্রোবাস (মিতসুবিসি এল-৩০০)	-	-	-	প্রযোজ্য নয়	-	প্রযোজ্য নয়	২২ ফেব্রুয়ারী ২০১২ তারিখে মাইক্রোবাসটি ক্রয়পূর্বক ২২ আগস্ট ২০১৭ তারিখে পাট অধিদপ্তর বরাবর হস্তান্তর করা হয়।

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	দরপত্র খোলার তারিখ	দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	দাতা সংস্থা কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ	দাতা সংস্থা কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ	-চুক্তি স্বাক্ষরের তারিখ -ঠিকাদারের নাম -চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ -বাস্তবে কার্য সম্পাদনের তারিখ -চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
(৩)	১টি পিকআপ (নিসান সিঙ্গেল কেবিন)	-	-	-	প্রযোজ্য নয়	-	প্রযোজ্য নয়	৯ জুলাই ২০১৭ তারিখে পিকআপটি ক্রয়পূর্বক ৩ আগস্ট ২০১৭ তারিখে পাট অধিদপ্তর বরাবর হস্তান্তর করা হয়।
(৪)	২৬২ সংখ্যক মোটর সাইকেল (হিরো হোন্ডা ১০০ সিসি)	২৫ জানুয়ারী ২০১২ ও ১৭ মে ২০১২	২০ মে ২০১২	-	প্রযোজ্য নয়	-	প্রযোজ্য নয়	- ২ ফেব্রুয়ারি ২০১২ - সরাসরি পদ্ধতির মাধ্যমে এটলাস বাংলাদেশ লিঃ এর কাছ থেকে সংগ্রহ করা হয়। - ২ মার্চ ২০১২ ও ২০ জুন ২০১২ - ২৪ মে ২০১২, ২০ জুলাই ২০১২, ১০ সেপ্টেম্বর ২০১২ ও ১৮ সেপ্টেম্বর ২০১২ - ৩৪৮.৪৬

সূত্র : প্রকল্পের পিসিআর

৯.১। প্রকিউরমেন্ট সংক্রান্ত ছকে অসম্পূর্ণ তথ্য প্রদান করা হয়েছে। মোটর সাইকেল ব্যতিত অন্যান্য আইটেমের দরপত্র আহবানের ও খোলার তারিখ, দরপত্রের কারিগরী প্রস্তাব ও আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ, চুক্তি স্বাক্ষরের তারিখ, ঠিকাদারের নাম, চুক্তি মূল্য, পরিশোধিত মূল্য সংক্রান্ত তথ্য উক্ত ছকে প্রদান করা হয়নি।

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত উদ্দেশ্য	**প্রকৃত অর্জন**
ক) প্রতি বছর নির্বাচিত ৫০,০০০ চাষীর মাধ্যমে গড়ে ৯৩০০ একর জমিতে ১০০০-১৫০০ উফশী পাট বীজ উৎপাদন ;	ক) ৯৭৩৮ মেঃ টন লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকল্প মেয়াদে ৩৪৬৪৩.৩৫ একর জমিতে ৬২১২.৬৭ মেঃ টন পাট বীজ উৎপাদন করা হয়, যা লক্ষ্যমাত্রার ৬৩.৮০% ;
খ) প্রতি বছর ২,০০,০০০ চাষীর ২,০০,০০০ একর জমিতে ৬০-৭০ লক্ষ মণ মানসম্মত তোষা পাট উৎপাদন ;	খ) ৪৮৬.৮৮ লক্ষ মণ লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকল্প মেয়াদে ৪৯৬.৩৭ লক্ষ মণ পাট উৎপাদন করা হয়, যা লক্ষ্যমাত্রার ৮৯.২১% ;
গ) প্রতি বছর ২০,০০০ চাষীকে (প্রত্যেক উপজেলায় ১০০ জন) উন্নত পদ্ধতিতে উফশী পাট বীজ উৎপাদন ও পাট পচন প্রক্রিয়া বিষয়ে প্রশিক্ষণ প্রদান ;	গ) প্রকল্প মেয়াদে ১,১০,৮৫০ সংখ্যক চাষীকে উন্নত পদ্ধতিতে উফশী পাট বীজ উৎপাদন ও পাট পচন প্রক্রিয়া বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলে প্রকল্পের প্রথম বছর অপেক্ষা পঞ্চম বছরে পাট বীজ চাষের জমি ১৩.৮% বৃদ্ধি পায় এবং উৎপাদন ১১.১% বৃদ্ধি পায় ;
ঘ) উন্নত পদ্ধতিতে পাট পচনে পাটের জাগে মাটি, কলাগাছ ইত্যাদি ক্ষতিকর বস্তুর পরিবর্তে কচুরীপানা, খড়, কংক্রীট স্ল্যাব, বাঁশ ইত্যাদি ব্যবহারে চাষীদেরকে উদ্বুদ্ধকরণ ;	ঘ) প্রকল্পের আওতায় পরিচালিত উদ্বুদ্ধকরণ কার্যক্রমের ফলে বর্তমানে ৬০% চাষী পাট পচনের জাগে কচুরীপানা, খড়, কংক্রীট স্ল্যাব, বাঁশ ইত্যাদি ব্যবহার করছে। এ উদ্দেশ্যে ২১৬৬৬টি কাঠের হাতুড়ী ও পলিথিন শীট বিতরণ করা হয় ;
ঙ) পাট পচনে আধুনিক রিবন রেটিং পদ্ধতি প্রচলন ;	ঙ) বর্তমানে ৮.৪% চাষী রিবন রেটিং পদ্ধতির মাধ্যমে পাট পচন প্রক্রিয়া সম্পন্ন করছে । এ উদ্দেশ্যে প্রকল্প মেয়াদে ২৩৬৩৭ টি রিবনার প্রকল্পের আওতায় চাষীদের মাঝে বিতরণ করা হয় ;
চ) চাষীদের মাঝে ৪৩০৩.৮২ মেঃ টন পাট বীজ বিতরণ ; এবং	চ) প্রকল্প মেয়াদে চাষীদের মাঝে ৯৫.৫০৬ মেঃ টন ভিত্তি পাট বীজ ও ৪২০৮.৩১ মেঃ টন প্রত্যায়িত পাট বীজসহ সার্বিকভাবে ৪৩০৩.৮১৬ মেঃ টন পাট বীজ বিতরণ করা হয় ; এবং
ছ) ১৭.৯২ মেঃ টন কীটনাশক ও ১৪০৯৯ মেঃ টন সার চাষীদের মাঝে বিতরণ ।	ছ) প্রকল্প মেয়াদে চাষীদের মাঝে ১২.৮৫ মেঃ টন কীটনাশক ও ১১৫৬৯ মেঃ টন সার বিতরণ করা হয় ।

১১। **প্রকল্পের স্থির চিত্র :**



চিত্র ১ : প্রকল্পের আওতায় গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক পাট চাষীদের মাঝে পাট বীজ বিতরণ করা হয়।



চিত্র ২ : প্রকল্পের আওতায় গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় অনুষ্ঠিত পাট চাষীদের প্রশিক্ষণ কর্মসূচী।



চিত্র ৩ : কুড়িগ্রাম জেলার সদর উপজেলায় দ্বিতল ভবনের নীচ তলায় প্রকল্প অফিস যা এখন তালাবদ্ধ থাকে।



চিত্র ৪ : কুড়িগ্রাম জেলার সদর উপজেলার প্রকল্প অফিসের অভ্যন্তর অংশ।

১২। **অডিট সংক্রান্ত তথ্য :** পিসিআর এর সূত্রমতে ২০১১-১২ থেকে ২০১৬-১৭ পর্যন্ত প্রকল্পের অভ্যন্তরীণ অডিট পরিচালনা করা হয় এবং আপত্তি উত্থাপন করা হয়নি। অপরদিকে ২০১১-১২ থেকে ২০১৩-১৪ পর্যন্ত এক্সটারনাল অডিট পরিচালনা করা হয়। উক্ত অডিটসমূহে ৯টি আপত্তি উত্থাপিত হয়, তন্মধ্যে ৪টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৫টি আপত্তি নিষ্পত্তি করা হয়নি। ৪টি অনিষ্পন্ন অডিট আপত্তির টাকার অংকে মূল্যমান ১,৭৮,৯৩,৪০০/- । ২০১৪-১৫ থেকে ২০১৬-১৭ পর্যন্ত কোন এক্সটারনাল অডিট পরিচালনা করা হয়নি।

১৩। **বাস্তবায়ন সমস্যা :**

১৩.১। পাট চাষীদের সঙ্গে আলোচনাকালে জানা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় উৎপাদিত পাট বীজ বাজারজাতকরণের সংস্থান না রাখার কারণে উৎপাদিত পাট বীজ নিয়ে তারা বিপাকে পড়েন । এছাড়া ভিত্তি পাট রোপণের সময় অতি বৃষ্টি ও পাট বীজ হার্ভেস্টিং এর সময় দেশের উত্তরাঞ্চলে ঘন কুয়াশার কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী পাট বীজ উৎপাদন করা সম্ভব হয়নি বলে পাট উন্নয়ন কর্মকর্তা/সহকারী পাট উন্নয়ন কর্মকর্তাগণ পরিদর্শনকালে অবহিত করেন ।

১৪। **মতামতা/সুপারিশ :**

১৪.১। জানুয়ারী ১৯৯৪ থেকে আলোচ্য প্রকল্পের মেয়াদ পর্যন্ত পাট বীজ ও পাট উৎপাদন সংক্রান্ত বিভিন্ন শিরোনামে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। কিন্তু আলোচ্য প্রকল্পসহ অন্যান্য প্রকল্প গ্রহণের পূর্বে কোন ফিজিবিটি স্টাডি করা হয়নি এবং প্রকল্প সমাপ্ত হওয়ার পর কতখানি প্রভাব/লক্ষ্য অর্জিত হয়েছে সে সংক্রান্ত কোন তথ্য সংগ্রহপূর্বক সে আলোকে শিক্ষা গ্রহণ করে প্রকল্প প্রস্তাব প্রণয়ণ করা হয়নি মর্মে প্রতীয়মান হয় । যে কারণে বাস্তবতার ভিত্তিতে আলোচ্য প্রকল্পের অঙ্গ ও ব্যয় নির্ধারণ করা হয়নি। যেমন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা অঙ্গের বিপরীতে ২৬৬.৭৮ লক্ষ টাকা অব্যয়িত থাকে। ভবিষ্যতে ফিজিবিলিটি স্টাডি সম্পাদনপূর্বক বাস্তবতার ভিত্তিতে প্রকল্পের অঙ্গ ও ব্যয় নির্ধারণপূর্বক ডিপিপি প্রণয়ণে যত্নবান হওয়া বাঞ্ছনীয় হবে (অনুচ্ছেদ ৮.১.২, ৮.১.৩ ও ৮.১.১৪);

১৪.২। প্রকল্পের ১৭.৯২ মেট্রিক টন কীটনাশক বিতরণের জন্য নির্ধারিত ছিল। কিন্তু বাস্তবে ১২৮.৫৩ লক্ষ টাকা ব্যয়ে ১২.৮৫ মেট্রিক টন কীটনাশক বিতরন করা হয় এবং ৫.০৭ মেট্রিক টন কীটনাশক বিতরণ করা হয়নি। অনুরুপভাবে প্রকল্পের সার বিতরণ অঙ্গের বিপরীতে ১৪০৯৯ মেট্রিক টন বিতরণের সংস্থান থাকলেও বাস্তবে ১১৫৬৯ মেট্রিক টন সার বিতরণ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অপেক্ষা ২৫৩০ মেট্রিক টন কম সার বিতরণ করা হয়েছে । কীটনাশক ও সার বিতরণ বাবদ লক্ষ্যমাত্রা কেন অর্জন করা সম্ভব হয়নি সে সংক্রান্ত কোন তথ্য পিসিআর এ সংযোজন করা হয়নি। পাট অধিদপ্তর বিষয়টি খতিয়ে দেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ৮.১.৪ ও ৮.১.৫);

১৪.৩। প্রকল্পের আওতায় ২৬২টি মোটর সাইকেল ক্রয় করা হয়। তবে পিসিআর সূত্রে জানা যায় যে জনবল নিয়োগের পূর্বে পদের বিপরীতে মোটর সাইকেল বিতরণ করা হয়। ফলে বিতরণকৃত মোটর সাইকেলগুলি অব্যহৃত অবস্থায় ফেলে রাখার কারণে এগুলির গুণগতমান নষ্ট হয়েছে বলে উল্লেখ করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থা বিষয়টি খতিয়ে দেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ৮.১.৬);

১৪.৪। পিসিআর এর সূত্রমতে পাট বীজের জাতীয় চাহিদার ২৫% কৃষকগণ কর্তৃক সরবরাহ করা হয়। ভবিষ্যতে মানসম্মত পাট বীজ উৎপাদনের ক্ষেত্রে কৃষকদের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হলে জাতীয় চাহিদার উল্লেখযোগ্য অংশ কৃষকগণ সরবরাহ করতে সক্ষম হবে। অতএব এ বিষয়ে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা ও কর্মপন্থা নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সমীচীন হবে । তদুপরি ভবিষ্যতে প্রকল্পে কৃষকগণ কর্তৃক উৎপাদিত বীজ বাজারজাতকরণের সংস্থান রাখার বিষয়টি বিবেচনায় নেয়া যেতে পারে (অনুচ্ছেদ ৮.১.৭ ও ৮.১.১২);

১৪.৫। উন্নত পদ্ধতির মাধ্যমে পাট পচনের রিবন রেটিং পদ্ধতি এ প্রকল্পের মাধ্যমে প্রচলনের উদ্যোগ গ্রহণ করা হয় মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানান। পিসিআর এর সূত্রমতে মাত্র ৮.৪% পাট চাষী এ পদ্ধতি বর্তমানে ব্যবহার করছে, যা আশাব্যঞ্জক নয়। আলোচ্য পদ্ধতিটি ঢালাওভাবে সারা দেশের জন্য প্রযোজ্য না করে দেশের কোন অঞ্চলের জন্য বেশি উপযোগী তা চিহ্নিত করে সে অনুসারে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা ও কর্মপন্থা নির্ধারণ করে কার্যকর করার বিষয়টি বিবেচনা করা হলে কাংখিত ফলাফল পাওয়া যেতে পারে। তদুপরি উল্লিখিত পদ্ধতির বিষয়ে আরও প্রচারের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ৮.১.১০);

১৪.৬। আলোচ্য প্রকল্প গ্রহণের পূর্বে কোন ফিজিবিটি স্টাডি করা হয়নি। ভবিষ্যতে ২৫ কোটি টাকার উর্দ্ধে প্রাক্কলিত ব্যয় সম্পন্ন সকল বিনিয়োগ প্রকল্প গ্রহণের পূর্বে আবিশ্যিকভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে এবং সম্ভাব্যতার ফলাফলের ভিত্তিতে প্রকল্প প্রস্তাব প্রণয়ণের বিষয়ে সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ ৮.১.১৪);

১৪.৭। প্রকল্প সমাপ্ত হওয়ার পর কাংখিত ফলাফল/লক্ষ্য কতখানি অর্জিত হয়েছে কিংবা না হয়ে থাকলে কেন হয়নি সে সংক্রান্ত তথ্য সংগ্রহপূর্বক তা বিশ্লেষণ করে পিসিআর এ উল্লেখ করা বাঞ্ছনীয় হবে। তদুপরি এ বিশ্লেষণের আলোকে পরবর্তী প্রকল্প প্রস্তাব প্রণয়ণ করার ধারা প্রবর্তন করা যৌক্তিক হবে (অনুচ্ছেদ ৮.১.১৪);

১৪.৮। পাট অধিদপ্তরে কর্মরত ২৪২ সংখ্যক পাট উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পাট উন্নয়ন কর্মকর্তার মধ্যে শুধুমাত্র ১৫ জন কৃষি বিষয়ে স্নাতক ডিগ্রীধারী, ৩১ জন ডিপ্লোমা ডিগ্রীধারী এবং অবশিষ্ট ১৯৬ জন সাধারণ শিক্ষা ডিগ্রীধারী । কৃষি বিষয়ক ডিগ্রীধারীর সংখ্যা বৃদ্ধি করা না হলে অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করা দুরূহ হবে । অতএব পাট উন্নয়ন কর্মকর্তা ও সহকারী পাট উন্নয়ন কর্মকর্তার পদে কৃষি বিষয়ক ডিগ্রীধারীদের নিয়োগ করা যুক্তিযুক্ত হবে (অনুচ্ছেদ ৮.১.১৩);

১৪.৯। আলোচ্য প্রকল্পে পিসিআর এ প্রকিউরমেন্ট সংক্রান্ত অসম্পূর্ণ তথ্য প্রদান করা হয়েছে । পিসিআর এর প্রকিউরমেন্ট সংক্রান্ত ছকে মোটর সাইকেল ব্যতিত অন্যান্য আইটেমের দরপত্র আহবানের ও খোলার তারিখ, দরপত্রের কারিগরী প্রস্তাব ও আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ, চুক্তি স্বাক্ষরের তারিখ, ঠিকাদারের নাম, চুক্তি মূল্য, পরিশোধিত মূল্য সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি। ভবিষ্যতে প্রকল্পের পিসিআর এ সকল তথ্য আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ ৯.১);

১৪.১০। প্রকল্পের ২০১১-১২ থেকে ২০১৩-১৪ পর্যন্ত এক্সটারনাল অডিট পরিচালনা করা হয়। উক্ত অডিটসমূহে উত্থাপিত ৪টি অনিষ্পন্ন অডিট নিষ্পন্নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । এছাড়া ২০১৪-১৫ থেকে ২০১৬-১৭ পর্যন্ত অর্থ বছরের এক্সটারনাল অডিট সম্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১২); এবং

১৪.১১। অনুচ্ছেদ ১৪.১ থেকে ১৪.১০ এর আলোকে গৃহীত ব্যবস্থার বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে।